০৯.	জনাব মোঃ মাহাবুব হোসেন ব্যক্তিগত কর্মকর্তা	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
১০.	জনাব মুহাম্মদ তাজুল ইসলাম প্রশাসনিক কর্মকর্তা	বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
১১.	জনাব মোহাম্মদ হালিমুজ্জামান তরফদার প্রশাসনিক কর্মকর্তা	মন্ত্রিপরিষদ বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২.	জনাব মোঃ কামরুজ্জামান সরকার ব্যক্তিগত কর্মকর্তা	প্রতিরক্ষা মন্ত্রণালয় গণভবন কমপ্লেক্স, ঢাকা।
১৩.	জনাব মোহাম্মদ ইউসুফ প্রশাসনিক কর্মকর্তা	প্রতিরক্ষা মন্ত্রণালয় গণভবন কমপ্লেক্স, ঢাকা।
১৪.	জনাব মোহাম্মদ মিজানুর রহমান প্রশাসনিক কর্মকর্তা	বাণিজ্য মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫.	জনাব নূর মোহাম্মদ প্রশাসনিক কর্মকর্তা	পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬.	জনাব মোঃ আব্দুল আলীম প্রশাসনিক কর্মকর্তা	বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় শেরেবাংলা নগর, ঢাকা।
১৭.	বেগম তাসলিমা আক্তার প্রশাসনিক কর্মকর্তা	বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় শেরেবাংলা নগর, ঢাকা।
১৮.	জনাব মোশতাক আহমদ লাইব্রেরিয়ান	বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) ঢাকা।
১৯.	জনাব মোঃ মশিউল আলম গাজী প্রশাসনিক কর্মকর্তা	ভূমি মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০.	জনাব মঞ্জু শ্রী দেবী ব্যক্তিগত কর্মকর্তা	জনপ্রশাসন মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১.	বেগম কামরুন নাহার ব্যক্তিগত কর্মকর্তা	জনপ্রশাসন মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২.	জনাব এ কে এম তৈয়েবুর রহমান প্রশাসনিক কর্মকর্তা	পানি সম্পদ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩.	মোছাঃ নূরুন্নাহার আক্তার ব্যক্তিগত কর্মকর্তা	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ক্র.নং	নাম ও পদবী	অফিসের নাম
২৪.	জনাব মোহাম্মদ মাহ্বুবুর রহমান ভূঁঞা প্রশাসনিক কর্মকর্তা	অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫.	জনাব মোহাম্মদ ইয়াছিন ফেরদৌস প্রশাসনিক কর্মকর্তা	জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬.	জনাব মাহমুদা খাতুন প্রশাসনিক কর্মকর্তা	কৃষি মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭.	জনাব জান্নাতুল ফেরদৌস প্রশাসনিক কর্মকর্তা	সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৮.	জনাব আবুল হাসেম প্রশাসনিক কর্মকর্তা	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়
২৯.	জনাব শারমিন আক্তার ব্যক্তিগত কর্মকর্তা	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০.	জনাব ফরহাদ হোসেন প্রশাসনিক কর্মকর্তা	পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় শেরেবাংলা নগর, ঢাকা।

১১তম ব্যাচের প্রশিক্ষণার্থীদের নামের তালিকা :

ক্র.নং	নাম ও পদবী	অফিসের নাম
০১.	জনাব মোঃ জাহিদ হাসান প্রশাসনিক কর্মকর্তা	বিদ্যুৎ বিভাগ বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
০২.	জনাব মোঃ মহসিন ফরাজী প্রশাসনিক কর্মকর্তা	বাংলাদেশ বেতার, আগারগাঁও শেরেবাংলা নগর, ঢাকা।
০৩.	জনাব মোহাম্মদ রাসেল খান ব্যক্তিগত কর্মকর্তা	পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪.	জনাব মোঃ নজরুল ইসলাম ব্যক্তিগত কর্মকর্তা	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫.	জনাব মোঃ জামাল উদ্দিন প্রশাসনিক কর্মকর্তা	সমাজকল্যাণ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬.	জনাব ইমরান হোসেন ব্যক্তিগত কর্মকর্তা	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়
০৭.	জনাব রাবেয়া আক্তার প্রশাসনিক কর্মকর্তা	সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮.	জনাব মোঃ শহীদুল ইসলাম প্রশাসনিক কর্মকর্তা	সুরক্ষা সেবা বিভাগ স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯.	জনাব ফারজানা আক্তার ব্যক্তিগত কর্মকর্তা	সুরক্ষা সেবা বিভাগ স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০.	জনাব মুহাম্মাদ জাহিদুল ইসলাম প্রশাসনিক কর্মকর্তা	জননিরাপত্তা বিভাগ স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ক্র.নং	নাম ও পদবী	অফিসের নাম
১১.	জনাব খাদিজা আক্তার প্রশাসনিক কর্মকর্তা	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২.	জনাব মুহাম্মদ ইলিয়াস উদ্দিন গবেষণা অনুসন্ধানী	পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় শেরেবাংলা নগর, ঢাকা।
১৩.	জনাব মোঃ মনিরুল ইসলাম প্রশাসনিক কর্মকর্তা	শিল্প মন্ত্রণালয় ৯১, মতিঝিল, বা/এ, ঢাকা।
১৪.	জনাব হাবীবা বেগম প্রশাসনিক কর্মকর্তা	শিল্প মন্ত্রণালয় ৯১, মতিঝিল, বা/এ,ঢাকা।
১৫.	জনাব মর্জিনা আক্তার প্রশাসনিক কর্মকর্তা	শিল্প মন্ত্রণালয় ৯১, মতিঝিল, বা/এ, ঢাকা।
১৬.	জনাব মোঃ আব্দুল হান্নান প্রশাসনিক কর্মকর্তা	স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭.	জনাব মোঃ আবুল কালাম আজাদ ব্যক্তিগত কর্মকর্তা	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
১৮.	জনাব খুজিস্তা রুবাইয়াত সিনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (আরকাইভস)	আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
১৯.	জনাব রোজিফা আক্তার লাইব্রেরি এন্ড আরকাইভস ইনচার্জ	খাজা ইউনুস আলী বিশ্ববিদ্যালয় সিরাজগঞ্জ।
২০.	জনাব মোঃ আইনুল হক লাইব্রেরিয়ান	বাংলাদেশ সুগাক্রপ গবেষণা ইনস্টিটিউট পাবনা।
২১.	জনাব মোঃ জুয়েল রানা লাইব্রেরি এসিসট্যান্ট কাম টাইপিষ্ট	বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)

(খ) গ্রন্থাগার প্রশিক্ষণ

বিভিন্ন সরকারি বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত গ্রন্থাগার পেশাজীবীদের দক্ষতা বৃদ্ধি ও আধুনিক গ্রন্থাগার ব্যবস্থাপনা সম্পর্কে হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করা হয় । এ অর্থবছরে দু'টি ব্যাচের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

ক্রমিক নং	প্রশিক্ষণের শিরোনাম	প্রশিক্ষণের মেয়াদ	অংশগ্রহণকারীর সংখ্যা
১.	"ডিজিটাল/আধুনিক গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ক বেসিক কোর্স"	১০ম ব্যাচ ১৯-৩০ডিসেম্বর/২০২১	২৪ জন
	"ডিজিটাল/আধুনিক গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ক বেসিক কোর্স"	১১তম ব্যাচ ২৯ মে-০৮ জুন/২০২২)	২৫ জন
		মোট	**৪৯ জন**

আধুনিক গ্রন্থাগার ব্যবস্থাপনা শীর্ষক কোর্স (১০ম ব্যাচ) এ অংশগ্রহণকারীদের সঙ্গে মহাপরিচালক ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

আধুনিক গ্রন্থাগার ব্যবস্থাপনা শীর্ষক কোর্স (১১তম ব্যাচ) এ অংশগ্রহণকারীদের সঙ্গে মহাপরিচালক ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

১০ম ব্যাচের প্রশিক্ষণার্থীদের নামের তালিকা :

ক্র.নং	নাম ও পদবী	অফিসের নাম
০১.	জনাব শামীমা হক লাইব্রেরিয়ান	রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ রাজশাহী।
০২.	জনাব মোঃ আব্দুল করিম সহকারী লাইব্রেরিয়ান-কাম-ক্যাটাগলার	পিটিআই জামালপুর
০৩.	জনাব সালমা খাতুন সহকারী গ্রন্থাগারিক-কাম-ক্যাটাগলার	বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট বরিশাল।
০৪.	জনাব মোঃ ইমতিয়াজ হোসেন গ্রন্থাগার সহকারী	পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান সাভার, ঢাকা।
০৫.	জনাব স্বপন কুমার বিশ্বাস গ্রন্থাগারিক (চলতি দায়িত্ব)	যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় যশোর।

ক্র.নং	নাম ও পদবী	অফিসের নাম
০৬.	জনাব জয়নাল আবেদীন লাইব্রেরিয়ান	কিশোরগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট কিশোরগঞ্জ।
০৭.	জনাব মোঃ আব্দুল আলিম ক্যাটালগার	বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
০৮.	জনাব হেলাল উদ্দীন ডকুমেন্টশন অফিসার	নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় নোয়াখালী।
০৯.	জনাব মোঃ ঈদ-ঈ-আমিন সহকারী লাইব্রেরিয়ান	ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ রংপুর।
১০.	জনাব মোহাম্মদ শোয়ায়েব সহকারী লাইব্রেরিয়ান-কাম-ক্যাটালগার	মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ ময়মনসিংহ।
১১.	জনাব মোঃ শফিকুল আলম লাইব্রেরিয়ান	ময়মনসিংহ পলিটেকনিক ইনস্টিটিউট ময়মনসিংহ।
১২.	জনাব এ, কে, এম, ইলিয়াস কবীর সিনিয়র লাইব্রেরি এসিসটেন্ট	শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ঢাকা।
১৩.	জনাব মোঃ মিজানুর রহমান সহকারী ব্যবস্থাপক	নিউক্লিয়ার পাওয়ার প্লান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।
১৪.	জনাব উৎপল কুমার দাস গ্রন্থাগারিক	ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি বিরিশিরি, নেত্রকোণা।
১৫.	জনাব মোঃ এহসানুল ক্যাটালগার	কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয়
১৬.	জনাব নাজমুন নাহার উপ-গ্রন্থাগারিক	খাজা ইউনুস আলী মেডিকেল কলেজ সিরাজগঞ্জ।
১৭.	জনাব পরিমল কুমার বিশ্বাস সহকারী লাইব্রেরিয়ান-কাম-ক্যাটালগার	ঢাকা কলেজ ঢাকা।
১৮.	জনাব নিলুফা সুলতানা হিসাব রক্ষণ কর্মকর্তা	মৎস্য অধিদপ্তর রমনা, ঢাকা।
১৯.	জনাব মোঃ তরিকুল ইসলাম ক্যাটালগার	বাংলাদেশ সচিবালয় কেন্দ্রীয় গ্রন্থাগার জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
২০.	জনাব জেড. এম. তানজিলুর রহমান ক্যাটালগার	বাংলাদেশ সচিবালয় কেন্দ্রীয় গ্রন্থাগার জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
২১.	জনাব মোঃ শাহজান আলী সহকারী গ্রন্থাগারিক	জামিরা কলেজ রাজশাহী।
২২.	জনাব নূরুদ্দীন জাহেদ সহকারী লাইব্রেরিয়ান-কাম-ক্যাটালগার	সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম।
২৩.	জনাব মোঃ শাহিনুর রহমান উপ-গ্রন্থাগারিক	খাজা ইউনুস আলী বিশ্ববিদ্যালয় সিরাজগঞ্জ।
২৪.	জনাব মুহাম্মদ আলমগীর হোসাইন লাইব্রেরিয়ান	টাঙ্গাইল পলিটেকনিক ইনস্টিটিউট টাঙ্গাইল

১১তম ব্যাচের প্রশিক্ষণার্থীদের নামের তালিকা :

ক্র.নং	নাম ও পদবী	অফিসের নাম
০১.	জনাব মোঃ ফারুক আব্দুল্লাহ লাইব্রেরিয়ান	নাচোল টেকনিক্যাল স্কুল ও কলেজ চাঁপাইনবাবগঞ্জ।
০২.	জনাব সুব্রত কুমার কর্মকার লাইব্রেরিয়ান	সালথা টেকনিক্যাল স্কুল ও কলেজ ফরিদপুর।
০৩.	জনাব শহিদুল্লাহ ডকুমেন্টেশন অফিসার	খাদ্য মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪.	জনাব মোঃ আক্তার হোসেন গ্রন্থাগারিক	সরকারি মাইকেল মধুসূদন কলেজ যশোর।
০৫.	জনাব মোহাম্মদ ঈমাম হোসেন লাইব্রেরিয়ান	চরফ্যাসন সরকারি কলেজ ভোলা।
০৬.	জনাব মোঃ মাসুম আলী লাইব্রেরিয়ান	চারঘাট সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ রাজশাহী।
০৭.	জনাব নূর মোহাম্মদ নভেল লাইব্রেরিয়ান	টাঙ্গাইল টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ টাঙ্গাইল।
০৮.	জনাব সৈয়দ মোকাম্মেল আলী সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান)	টিলাগাঁও আজিজুন্নেছা উচ্চ বিদ্যালয় মৌলভীবাজার।
০৯.	জনাব ইসরাত জাহান লাইব্রেরিয়ান	জীবননগর টেকনিক্যাল স্কুল ও কলেজ চুয়াডাঙ্গা।
১০.	জনাব হাসমত আলী লাইব্রেরিয়ান	সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ কুড়িগ্রাম।
১১.	জনাব সাজ্জাদ ইবনে আব্দুল হক সহকারী লাইব্রেরিয়ান	জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান মহাখালী, ঢাকা।
১২.	জনাব ওয়াহিদা আক্তার ক্যাটালগার	বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় ঢাকা।
১৩.	জনাব সাঈদা বেগম গ্রন্থাগার সহকারী	বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় ঢাকা।
১৪.	জনাব শেখ ফরিদ লাইব্রেরিয়ান	হাজীগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ চাঁদপুর।
১৫.	জনাব জান্নাতুল ফেরদৌস সহকারী পরিচালক	ইসলামিক ফাউন্ডেশন কেন্দ্রীয় লাইব্রেরি ঢাকা।
১৬.	জনাব মোঃ সোহাগ ক্যাটালগার	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ঢাকা।
১৭.	জনাব মোঃ আলাউদ্দিন লাইব্রেরিয়ান	বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
১৮.	জনাব মোঃ রবিউল আলম সহকারী লাইব্রেরিয়ান	কেন্দ্রীয় গ্রন্থাগার বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ক্র.নং	নাম ও পদবী	অফিসের নাম
১৯.	জনাব মোঃ হাবিবুর রহমান ক্যাটালগার	কেন্দ্রীয় গ্রন্থাগার বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০.	জনাব তামান্না আফরিন সহকারী লাইব্রেরিয়ান-কাম-ক্যাটালগার	পিটিআই, মুন্সিগঞ্জ।
২১.	জনাব মোঃ আতোয়ার রহমান ক্যাটালগার	ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ ময়মনসিংহ।
২২.	জনাব মোঃ রবিউল প্রধান লাইব্রেরিয়ান	বারিন্দা মেডিকেল কলেজ রাজশাহী।
২৩.	জনাব মোঃ আবুল হাসান লাইব্রেরিয়ান	নেকটার, বগুড়া।
২৪.	জনাব মাহমুদা খানম সহকারী গ্রন্থাগারিক কাম ক্যাটালগার	সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ ঢাকা।
২৫.	জনাব মোঃ সাব্বির হোসেন লাইব্রেরিয়ান	শ্যামনগর টেকনিক্যাল স্কুল ও কলেজ সাতক্ষীরা।

বিবিধ বিষয়

শৃঙ্খলা/বিভাগীয় মামলা

অধিদপ্তরের বিরুদ্ধে দায়েরকৃত মামলা

মন্ত্রণালয়/অধিদপ্তরের বিরুদ্ধে দায়েরকৃত রীট মামলা	উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা	দায়েরকৃত মোট মামলার সংখ্যা	নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা	অনিষ্পন্ন মোট মামলার সংখ্যা
৩টি	০১ টি	৪টি	০১ টি	০৩ টি

শৃঙ্খলা/বিভাগীয় মামলা

চাকরি সংক্রান্ত বিষয়ে অধিদপ্তরের দুইজন কর্মচারীর মামলা প্রশাসনিক ট্রাব্যুনালে বিচারাধীন আছে। এ সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ

২০২১-২২ অর্থবছরে অধিদপ্তরে মোট বিভাগীয় মামলার সংখ্যা	মামলার বিষয়	নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা	অনিষ্পন্ন মামলা সংখ্যা	মামলার সর্বশেষ অবস্থা	মন্তব্য
০১ টি	পদ স্থানান্তর সংক্রান্ত	-	০১	লিভ টু আপিল চলমান	

ইন্টারনেট সেবা

অধিদপ্তরের দুই ভবনের পাঠক ও গবেষকগণ বিনামূল্যে Wi-Fi নেটওয়ার্কের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য অনুসন্ধান, ইমেইল, ব্রাউজিং প্রভৃতি সুবিধা গ্রহণ করে থাকেন ।

আন্তর্জাতিক সংস্থার সঙ্গে পেশাগত কার্যক্রম

International ISBN Authority, IFLA, CDNLAO, ACCU, APIN ইত্যাদি সংস্থার সদস্য হিসেবে তাদের সঙ্গে পেশাগত কার্যক্রম অব্যাহত আছে এবং ISBN ও IFLA এর বার্ষিক চাঁদা প্রদান করা হয়েছে। এছাড়া জাতীয় আরকাইভস দুটি আন্তর্জাতিক সংস্থা যথাক্রমে International Council on Archives (ICA) এবং South West Asia Regional Branch of International Council on Archives (SWARBICA) এর সদস্য হিসেবে পেশাগত দায়িত্ব পালন অব্যাহত রেখেছে এবং ICA ও SWARBICA এর বার্ষিক চাঁদা প্রদান করা হয়েছে।

অধিদপ্তরের আইন ও নিয়োগবিধি

'বাংলাদেশ জাতীয় আরকাইভস আইন, ২০২১' পাশ হয়েছে। এছাড়া জাতীয় গ্রন্থাগার আইন, ২০২২ প্রণয়ন কার্যক্রম চলমান রয়েছে। নবসৃষ্ট ৪১টি+৫টি=৪৬টি পদসহ অধিদপ্তরের জন্য অনুমোদিত মোট ১৪৪টি পদের সমন্বয়ে নিয়োগবিধি প্রণয়নপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয় ও কেবিনেট কমিটির অনুমোদনের পর পরবর্তী কার্যক্রমের জন্য পিএসসিতে প্রেরণ করা হয়েছে।

সাংগঠনিক কাঠামো (টিওএন্ডই)

১৯৮৩ সালে এনাম কমিটির পর অধিদপ্তরের কোনো টিওএন্ডই আপগ্রেড হয়নি। ১৯৮৩ সালে ৪৮টি পদের টিওএন্ডই অনুমোদন হয়েছে। পরবর্তীতে অনেক পদ সৃষ্টি হয়েছে এবং সময়ের প্রয়োজনে বিভিন্ন যন্ত্রপাতি, গাড়ি ও সরঞ্জামাদি ক্রয় করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে এ সকল যন্ত্রপাতি, গাড়ি ও সরঞ্জামাদিসহ ১৪৪টি পদের সমন্বয়ে অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো (টিওএন্ডই) আপগ্রেডপূর্বক অনুমোদনের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে, যা চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

অভ্যন্তরীণ প্রশিক্ষণ

ই-ফাইলিং, নথি লিখন ও উপস্থাপন প্রক্রিয়া, এসিআর অনুশাসনমালা, ছুটিবিধি, নিয়মিত উপস্থিতি বিধি, শৃংখলা ও আপিল বিধি, ওয়েবসাইট সংশোধন ও হালনাগাদকরণ ও বাধাঁই কার্যক্রম ইত্যাদি বিষয়ে মোট ২৩ জনঘণ্টা অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

সেমিনার/ওয়ার্কশপ

আন্তর্জাতিক আরকাইভস দিবস উপলক্ষ্যে Archives are you, জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৩তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে 'জাতীয় কবির জীবন ও দর্শন ও লেখনী' শীর্ষক সেমিনার, শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উপলক্ষ্যে সেমিনার এবং জাতীয় আরকাইভসের নথি সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবস্থাপনা কার্যক্রম বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে ।

অভ্যন্তরীণ সেমিনার/ওয়ার্কশপ এর সংখ্যা	সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীর সংখ্যা
০৭ টি	৬০০ জন

জাতীয় দিবস পালন/উদযাপন

জাতীয় শোক দিবস, মহান বিজয় দিবস, শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, জাতীয় শিশু দিবস, মহান স্বাধীনতা ও জাতীয় দিবসহ প্রতিটি জাতীয় দিবস সরকারের নির্দেশনানুযায়ী যথাযোগ্য মর্যাদায় পালন/উদযাপন করা হয়।

আন্তর্জাতিক আরকাইভস সপ্তাহ উদযাপন

আন্তর্জাতিক আরকাইভস দিবস-২০২২ উপলক্ষ্যে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর গত ০৯ জুন, ২০২২ তারিখ "Archives are you"শীর্ষক প্রতিপাদ্য বিষয়ের উপর এক সেমিনার আয়োজন করা হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মোঃ আবুল মনসুর। সভায় সভাপতিত্ব করেন আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক জনাব ফরিদ আহমদ ভূঁইয়া। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রফেসর ড. শরীফ উদ্দিন আহমেদ, মূল প্রবন্ধের উপর ২জন আলোচক আলোচনায় অংশগ্রহণ করেন। এছাড়া ৬ই জুন আন্তর্জাতিক আরকাইভস সপ্তাহ উদযাপন উপলক্ষ্যে জাতীয় আরকাইভস ভবনের নীচতলায় দুষ্প্রাপ্য আরকাইভাল ডকুমেন্টস এর সমন্বয়ে সপ্তাহব্যাপী প্রদর্শনীর আয়োজন করা হয়। ৯ই জুন আরকাইভস দিবসের প্রাক্কালে ফেস্টুন ও বেলুন উড়িয়ে দিবসের উদ্বোধন করা হয়।

ভবিষ্যৎ পরিকল্পনা

- অধিদপ্তরের ওয়েবসাইটটিকে তথ্যসমৃদ্ধ সেবাবান্ধব ওয়েবসাইটে রূপান্তর করা;
- ব্যাকলগের উত্তরণ ঘটিয়ে জাতীয় গ্রন্থপঞ্জি নিয়মিত প্রকাশ করা;
- জাতীয় গ্রন্থাগার আইন প্রণয়ন করা;
- অধিদপ্তরের জন্য প্রয়োজনীয় সংখ্যক টেকনিক্যাল পদ সৃজন;
- নতুন পদের সমন্বয়ে নিয়োগবিধি প্রণয়নপূর্বক শূন্যপদ পূরণ;
- অনুমোদিত ১৪৪টি পদ এবং যন্ত্রপাতি ও গাড়ির সমন্বয়ে সাংগঠনিক কাঠমো (টিওএন্ডই) অনুমোদন;
- আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরকে KPI জোনের অন্তর্ভুক্তকরণ;
- জাতীয় আরকাইভস ও জাতীয় গ্রন্থাগার এর তথ্যসামগ্রীর অনলাইনভিত্তিক পূর্ণাঙ্গ ডাটাবেজ প্রণয়ন করা;
- একটি পূর্ণাঙ্গ প্রকল্পের মাধ্যমে অধিদপ্তরের সামগ্রিক কর্মকাণ্ডকে অটোমেশন ও ডিজিটাইজেশন করা।
- জাতীয় আরকাইভসের সংগৃহীত সকল নথিপত্রের ক্যাটালগ সম্পন্নকরণপূর্বক ব্যাকলগ দূরীকরণ।

অধিদপ্তরের সেবা

এক নজরে জাতীয় আরকাইভসের সেবাসমূহ

- জাতীয় আরকাইভসে সংরক্ষিত ঐতিহাসিক গুরুত্বপূর্ণ নথিপত্র ব্যবহারের সুবিধা;
- জাতীয় আরকাইভস পরিদর্শন ও নলেজ শেয়ারিং এর সুযোগ;
- জাতীয় সংগ্রহ নিয়ে গবেষণা করার সুযোগ;
- জাতীয় আরকাইভস কর্তৃক বিভিন্ন রাষ্ট্রীয় দিবসে আয়োজন করা প্রদর্শনী গ্যালারি পরিদর্শন করার সুযোগ;
- জাতীয় আরকাইভসের বিশেষায়িত গ্রন্থাগার ব্যবহারের সুবিধা;
- নথি ব্যবস্থাপনা সংক্রান্ত কোন বিষয়ে জাতীয় আরকাইভসের পরামর্শ গ্রহণের সুযোগ;
- গবেষণা বা অন্য কোন প্রয়োজনে সরকারি নীতিমালা অনুযায়ী নির্ধারিত ফি-এর বিনিময়ে জাতীয় আরকাইভসে সংরক্ষিত নথিপত্রের অনুলিপি প্রাপ্তির সুবিধা;
- বিভিন্ন সামাজিক কার্যক্রমে জাতীয় আরকাইভসের শীতাতপ নিয়ন্ত্রিত অডিটোরিয়াম নীতিমালা অনুযায়ী নির্ধারিত ভাড়া প্রদানের মাধ্যমে ব্যবহারের সুবিধা এবং
- জাতীয় আরকাইভসে সংরক্ষিত সংবাদপত্রসমূহ ব্যবহারের সুবিধা।

এক নজরে জাতীয় গ্রন্থাগারের সেবাসমূহ

- বাংলাদেশে প্রকাশিত মৌলিক ও সৃজনশীল তথ্যসামগ্রী জাতীয় গ্রন্থাগারে স্থায়ী সংরক্ষণের সুবিধা গ্রহণ;
- বাংলাদেশে বিভিন্ন ভাষায় প্রকাশিত সৃজনশীল নতুন বই, পত্রপত্রিকা বিনামূল্যে জাতীয় গ্রন্থপঞ্জির (National Bibliography) মাধ্যমে দেশ-বিদেশে পরিচিত করে তোলার সুযোগ;
- জাতীয় গ্রন্থাগারে কপিরাইট আইনে সংগৃহীত ও স্থায়ীভাবে সংরক্ষিত বই, ম্যাপ, পত্রপত্রিকা ও তথ্যসামগ্রী গবেষণা ও রেফারেন্স কাজে ব্যবহারের সুবিধা;
- দেশে প্রকাশিতব্য সৃজনশীল প্রকাশনার জন্য ISBN প্রাপ্তির সুযোগ;
- বরেণ্য ব্যক্তিত্ব ও প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত পান্ডুলিপিসহ দুর্লভ ও বিশেষ সংগ্রহ (Rare & Special Collection) উত্তম অবস্থায় ব্যবহারের সুবিধা;
- বাংলাদেশের সাহিত্য, শিল্প, সংস্কৃতি, কৃষ্টি, সভ্যতা এবং জ্ঞানভিত্তিক সমাজ গঠন ও তথ্যসেবা, পেশা সম্পর্কিত বিষয়ে কোন প্রদর্শনী, কর্মশালা, সেমিনার, প্রশিক্ষণ কোর্স, আলোচনা সভা, সম্মেলন ইত্যাদির জন্য জাতীয় গ্রন্থাগারের প্রদর্শনী গ্যালারি, শীতাতপ নিয়ন্ত্রিত অডিটোরিয়াম ও ভবনাঙ্গন নির্দিষ্ট নিয়ম মেনে ব্যবহার সুযোগ এবং
- অনলাইন পাবলিক অ্যাকসেস ক্যাটালগ সেবা।

জাতীয় আরকাইভসের বিশেষ সংগ্রহসমূহ

বাংলাদেশ জাতীয় আরকাইভস রেকর্ড সংগ্রহ পদ্ধতি

আইন অনুযায়ী স্থায়ী মূল্যসম্পন্ন নথিপত্র জাতীয় আরকাইভস সংগ্রহ করে থাকে। জাতীয় আরকাইভসের সংরক্ষিত বিশেষ সংগ্রহসমূহ নিম্নে প্রদত্ত হলো :

- **জেলা রেকর্ডস** : জাতীয় আরকাইভসে পুরাতন ১৪টি জেলার ১৭৬০-১৯০০ সালের জেলা রেকর্ডস সংরক্ষিত রয়েছে।
  প্রিন্টেড প্রসিডিংস/'এ' প্রসিডিংস: সরকার কর্তৃক প্রকাশিত ১৮৫৯-১৯৩২ সালের ৫৭টি বিভাগের প্রিন্টেড প্রসিডিংস/'এ' প্রসিডিংস জাতীয় আরকাইভসে সংরক্ষিত রয়েছে।
- **উডেন বান্ডেল:** সরকার কর্তৃক প্রকাশিত সরকারের বিভিন্ন বিভাগের ১৮৯৯-১৯৬০ সালের 'এ', 'বি' এবং 'সি' ক্যাটাগরির নথি।
- **ঢাকা বিভাগীয় কমিশনার রেকর্ডস** : ঢাকা বিভাগীয় কমিশনার অফিসে বিভাগীয় কমিশনার কর্তৃক সম্পাদিত ১৮৯৯-১৯৬০ সালের বিভিন্ন কর্মকাণ্ডের নথিপত্র।
- **চট্টগ্রাম বিভাগীয় কমিশনার রেকর্ডস** : চট্টগ্রাম বিভাগীয় কমিশনার অফিসে বিভাগীয় কমিশনার কর্তৃক সম্পাদিত ১৮৯৯-১৯৬০ সালের বিভিন্ন কর্মকাণ্ডের নথিপত্র।
- **কালেক্টরেট রেকর্ডস** : জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক সম্পাদিত ১৮৯৯-১৯৬০ সালের বিভিন্ন কর্মকাণ্ডের নথিপত্র।
- **জাতীয় সংসদের বিতর্ক প্রসিডিংস** : বাংলাদেশ জাতীয় আরকাইভসে জাতীয় সংসদের বিভিন্ন অধিবেশনের বিতর্ক প্রসিডিংস সংরক্ষিত রয়েছে । এ প্রকাশনাগুলো জাতীয় সংসদ সচিবালয় থেকে সংগ্রহ করা হয়েছে।
- **গেজেট** : সরকার কর্তৃক প্রকাশিত ১৮৩২ সাল থেকে বর্তমান সময়ের বিভিন্ন ক্যাটাগরির (কলকাতা, পাকিস্তান, ঢাকা, বাংলাদেশ, ক্রিমিনাল, এডুকেশন, এক্সট্রা অর্ডিনারি ইত্যাদি) গেজেট সংরক্ষিত রয়েছে । গেজেটগুলো বিভিন্ন উৎস থেকে সংগ্রহ করা হয়েছে।
- **মানচিত্র** : জাতীয় আরকাইভসে ১৭৭৮-১৯৬৭ সালের বিভিন্ন বিভাগ/ জেলা/ পরগণা ইত্যাদির ম্যাপ সংরক্ষিত রয়েছে।
- **মন্ত্রিপরিষদ বিভাগের নথিপত্র** : মন্ত্রিপরিষদ বিভাগের মন্ত্রিপরিষদ সভার কার্যপত্র নিয়মিত বাংলাদেশ জাতীয় আরকাইভসে প্রেরণ করে থাকে । ১৯৭১-১৯৯৫ সালের মন্ত্রিপরিষদ বিভাগের নথিপত্র সংরক্ষিত রয়েছে।
- **প্রেস ক্লিপিংস** : প্রেস ইনস্টিটিউট অব বাংলাদেশ থেকে বাংলাদেশ জাতীয় আরকাইভস বিভিন্ন বিষয়ের ওপর প্রেস ক্লিপিংস সংগ্রহ করেছে । বিষয়ভিত্তিক প্রেস ক্লিপিংসগুলো বাংলাদেশ জাতীয় আরকাইভসে সংরক্ষিত রয়েছে।
- **পোর্ট রেকর্ড** : চট্টগ্রাম পোর্ট অথরিটি থেকে বাংলাদেশ জাতীয় আরকাইভস পোর্ট সংশ্লিষ্ট নথিপত্র সংগ্রহ করেছে।
- **নদী কমিশন** : বাংলাদেশ জাতীয় আরকাইভসে নদী কমিশন থেকে সংগৃহীত কিছু নথিপত্র সংরক্ষিত রয়েছে।
- **ঢাকা কালেক্টরেট নথিপত্র** : ঢাকা কালেক্টরেট হতে সংগৃহীত নথি (১৭৮১-১৯৩৮সালের) (মৌজানোট, ঢাকা সেটেলমেন্টে স্ট্যাটিস্টিক, গভটসার্কুলার, মহলওয়ারী ও মৌজাওয়ারী রেজিস্টার, ইংলিশ

করসপন্ডেন্ট, ঢাকা সেটেলমেন্ট ভিলেজ স্ট্যাটিস্টিক্স, রেজিস্টার অব পাওয়ার এটর্নি, করসপন্ডেট অব সার্ভে ডিপার্টমেন্ট ইত্যাদি)

- **সিলেট প্রসিডিংস** : ১৮৭৪-১৯৪৮ সালের সিলেট প্রসিডিংস।
- **ময়মনসিংহ জেলা কালেক্টরেট** রেকর্ডরুম থেকে সংগৃহীত ১৮৮৪-১৯৬৯ সালের নথিপত্র।
- **রংপুর কালেক্টরেট** থেকে সংগৃহীত ১৭৭৯-১৯৪০ সালের সরকারি প্রকাশনা-গেজেট।
- **রাজশাহী জেলা কালেক্টরেট** থেকে সংগৃহীত ম্যাপ, নথি এবং গেজেট।
- **নোয়াখালী জেলা** থেকে সংগৃহীত নথিপত্র ।
- **বরিশাল জেলা কালেক্টরেট রেকর্ডরুম** থেকে সংগৃহীত ১৮৯৯-১৯৭২ সালের নথি এবং গেজেট।
- **যশোর জেলা কালেক্টরেট রেকর্ডরুম** থেকে সংগৃহীত ১৮৭২-১৯৮৬ সালের নথিপত্র।
- **ফরিদপুর জেলা কালেক্টরেট** রেকর্ডরুম থেকে সংগৃহীত নথিপত্র ।
- **রাজবাড়ী জেলা কালেক্টরেট** থেকে সংগৃহীত ১৮৭২-১৯৯০ সালের নথিপত্র।
- **সুনামগঞ্জ জেলা** থেকে সংগৃহীত ১৮৬৭-১৯৯৩ সালের নথিপত্র।
- **পাবনা জেলা কালেক্টরেট** থেকে সংগৃহীত ১৮৪৫-১৯৭৬ সালের নথিপত্র।
- **ঢাকা জেলা পরিষদ** থেকে সংগৃহীত ১৮৭২-২০০০ সালের নথিপত্র।
- **ঢাকা সিটি কর্পোরেশনের** ১৮৭৪-১৯৯০ সালের নথিপত্র।
- **নারায়ণগঞ্জ পৌরসভার** ১৯৪২-১৯৮৫ সালের নথিপত্র।
- **জনপ্রশাসন মন্ত্রণালয়ের** ১৯৭৩-১৯৯০ সালের নথিপত্র।
- **সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের** ১৯৭৫-২০০৫ সালের নথিপত্র।
- **শিল্প মন্ত্রণালয় থেকে সংগৃহীত রানা প্লাজা ও তাজরিন ফ্যাশন গার্মেন্টস** সংশ্লিষ্ট নথিপত্র।
- **কুড়িগ্রাম জেলা** থেকে সংগ্রহ অধুনালুপ্ত ১২টি ছিটমহল হস্তান্তর সংক্রান্ত নথি।
- **বঙ্গবন্ধু হত্যা মামলার রায়ের** সার্টিফাইড কপি।
- **মাস্টার দা সূর্যসেন হত্যা মামলার** রায়ের কপি।
- **আগরতলা ষড়যন্ত্র মামলার** নথিপত্র (৭ ভলিউম)।
- **পত্রিকা** : বাংলা ও ইংরেজি বিভিন্ন দৈনিক পত্রিকা জাতীয় আরকাইভসে সংরক্ষিত রয়েছে।
- **আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-এর তদন্ত সংস্থা** থেকে মানবতা বিরোধী অপরাধ বিয়ষক কয়েকটি মামলার ৭৮ ভলিউম রায়ের কপি।
- **স্থপতি লুই আই কান** প্রণীত জাতীয় সংসদ ভবন ও শেরে বাংলা নগর এলাকার নকশা।
- **পিলখানা হত্যা** মামলার রায়ের কপি।

বৈচিত্র্যময় সংগ্রহে জাতীয় গ্রন্থাগার

সংগ্রহ প্রকৃতি

জাতীয় সাহিত্য-সংস্কৃতির কেন্দ্রীয় তথ্যভাণ্ডার হিসেবে জাতীয় গ্রন্থাগারে মূলত কপিরাইট আইনের ৬২(১) ধারা অনুযায়ী প্রতিটি পুস্তকের এক কপি প্রকাশিত হওয়ার ষাট দিনের মধ্যে জাতীয় গ্রন্থাগারে বাধ্যতামূলক জমা দিতে হয়। একই আইনের ৬৩ ধারা অনুযায়ী বাংলাদেশে প্রকাশিত প্রত্যেক সাময়িকী ও সংবাদপত্রের প্রতি সংখ্যার এক কপি প্রকাশ হওয়া মাত্র জাতীয় গ্রন্থাগারে জমা দিতে হয়। জাতির বুদ্ধিবৃত্তিক ও সৃজনশীল মুদ্রিত উপাদান, বিশ্বমানের বৈদেশিক নতুন প্রকাশনা, দেশের সকল পত্র-পত্রিকা, ট্রাস্টেড সংগ্রহ ইত্যাদির সমন্বয়ে বৈচিত্রময় সংগ্রহশালার অনন্য তথ্য ভাণ্ডার হলো জাতীয় গ্রন্থাগার। সংক্ষেপে জাতীয় গ্রন্থাগার সংগ্রহের তথ্যাবলি নিম্নে প্রদত্ত হলো :

- কপিরাইট আইনে দেশের বুদ্ধিবৃত্তিক ও সৃজনশীল মুদ্রিত উপাদান;
- ক্রয়কৃত দেশীয় বই, পত্র-পত্রিকা;
- ক্রয়কৃত বিদেশী বিশ্বমানের বই;
- জাতীয়, আঞ্চলিক পত্র-পত্রিকা ও সাময়িকী;
- জাতীয় গ্রন্থাগারে ট্রাস্টেড দানকৃত সংগ্রহ;
- সরকারি প্রকাশনা- ১৯০০ সাল থেকে;
- কলকাতা গেজেট- ১৮০০ সাল থেকে;
- পাকিস্তান ও বাংলাদেশ গেজেট;
- পুরাতন ডিস্ট্রিক্ট গেজেটিয়ার;
- দুর্লভ বই-পুস্তকের সংগ্রহ;
- বিভিন্ন ধরনের পাণ্ডুলিপি;
- বঙ্গাবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক সংগ্রহ;
- উল্লেখযোগ্য সংখ্যক উর্দু, ফার্সি ও আরবি পুস্তকের সংগ্রহ।

সংগ্রহের নীতিমালা

সৌজন্য: গ্রন্থস্বত্ব আইনে বাধ্যতামূলক জমাদান।

বাংলাদেশের যে কোনো ভাষায় যে কোনো লেখক/প্রকাশক কর্তৃক মৌলিক ও সৃজনশীল প্রকাশিত (অনুবাদ/সংকলনসহ) বইয়ের এক কপি।

বাংলাদেশে প্রকাশিত প্রত্যেকটি সাময়িকী/সংবাদপত্রের প্রথম সংখ্যার এক কপি।

সরকারি সংস্থার মৌলিক ও প্রথম প্রকাশনার এক কপি।

উল্লিখিত প্রকাশনা ছাড়াও দেশের শিল্প, সাহিত্য, সংস্কৃতি, ঐতিহ্য আলোকপাতকারী প্রকাশনা ও তথ্যসামগ্রী
(নোট, গাইড, বিজ্ঞাপণ সর্বস্ব বই ইত্যাদি ব্যতীত) জাতীয় গ্রন্থাগার কর্তৃপক্ষ কর্তৃক সংগ্রহের জন্য বিবেচ্য।

দান: জাতীয় পর্যায়ে পুরস্কারের মাধ্যমে স্বীকৃত কোনো পন্ডিত, বুদ্ধিজীবী, লেখক, সাহিত্যিক, সংস্কৃতিকর্মী, পেশাজীবী বা বিখ্যাত ব্যক্তিত্বের জীবনী ও সাহিত্যকর্ম সম্পর্কিত এবং বাংলাদেশ জাতীয় গ্রন্থাগারে গবেষকদের প্রয়োজনে দীর্ঘস্থায়ী সংরক্ষণের উপযোগিতাসম্পন্ন ব্যক্তিবর্গের সংগ্রহ অথবা কোনো প্রতিষ্ঠানের বিশেষ সংগ্রহ।

বিনিময়: বিনিময় হিসেবে প্রাপ্ত প্রকাশনাসমূহের প্রকৃতি ও জাতীয় গ্রন্থাগারে ব্যবহারের প্রয়োজনে স্থায়ী সংগ্রহের উপযোগিতা বিবেচনাপূর্বক সংগ্রহের অন্তর্ভুক্তকরণ।

ক্রয়:

- জাতীয় গ্রন্থাগারে গবেষক ও পাঠকদের সামগ্রিক প্রয়োজনে ও জাতীয়ভিত্তিক সংগ্রহের বৈচিত্র্য বৃদ্ধির জন্য দেশি-বিদেশি বই, পত্র-পত্রিকা, সাময়িকী ও জার্নাল সংগ্রহ করে।
- বিশ্বে বিশেষ করে এশিয়া মহাদেশভুক্ত দেশসমূহে জ্ঞান বিজ্ঞানের বিভিন্ন শাখার উপর সর্বশেষ তথ্য সংবলিত/প্রতিনিধিত্বমূলক প্রকাশিত মানসম্পন্ন বই।
- বিদেশে প্রকাশিত যে কোনো লেখক কর্তৃক বাংলাদেশ সম্পর্কিত অথবা বাংলাদেশের লেখক কর্তৃক বিদেশে প্রকাশিত বিশেষ করে ইংরেজি ভাষার বই।
- বাংলাদেশের শিক্ষাব্যবস্থা/গবেষণা কার্যক্রমের সাথে সামঞ্জস্যপূর্ণ বিভিন্ন বিষয়ের উপর ভিন্ন ভিন্ন দেশে নিয়মিতভাবে প্রকাশিত চলমান টেকনিক্যাল/পেশাগত সাময়িকী।
- নোবেল বিজয়ী লেখকদের এবং বিশ্ববিখ্যাত ব্যক্তিত্বের জীবনীমূলক বই এবং বিশ্বের বিভিন্ন দেশের নির্বাচিত জাতীয় শ্রেষ্ঠ পুরস্কারপ্রাপ্ত বই।
- বিভিন্ন রকম দুষ্প্রাপ্য, মুদ্রণ বহির্ভূত, আরকাইভাল গুণসম্পন্ন বই, জার্নাল ইত্যাদি।

সংগ্রহের পরিসংখ্যান

গুণগত বৈশিষ্ট্যকে চলমান রেখেই সংগ্রহ গড়ে তোলা হয়। নিম্নে জাতীয় সংগ্রহের একটি পরিসংখ্যান দেয়া হলো:

মোট সংগ্রহ সংখ্যা

জাতীয় গ্রন্থাগারে সকল প্রকার সংগ্রহ মিলিয়ে প্রায় ৫,৫০,০০০ (পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার)। সম্পূর্ণ প্রক্রিয়াকরণকৃত ও নিত্য ব্যবহারযোগ্য বই, পত্র-পত্রিকার সংখ্যা ০২ (দুই) লক্ষ এর বেশি । বই ছাড়া বর্তমানে দীর্ঘস্থায়ীভাবে সংরক্ষিত তথ্যসামগ্রীর একটি চিত্ররূপ ।

দৈনিক সংবাদপত্র (বাংলা)	১০৩টি শিরোনামের (১৯৬১-)
দৈনিক সংবাদপত্র (ইংরেজি)	৩১টি শিরোনামের (১৯৫৭-)
সাময়িকী (বাংলা)	১৫০টি শিরোনামের (১৯৭২-)
সাময়িকী (ইংরেজি)	০৮টি শিরোনামের (১৯৯১-)
ডিস্ট্রিক্ট গেজেটিয়ার (পুরাতন)	৩০৯টি শিরোনামের (১৮৭৮-)
ম্যাপ (বিভিন্ন শিরোনামের)	১,৬৮০টি (১৮৯২)
মাইক্রোফিল্ম রোল/মাইক্রোফিস	১,৫৫৯টি (১৮৭৫-)
নিউজ ক্লিপিংস (৩০০০ শিরোনামের)	৩১বান্ডিল (১৯৭১)

সংবাদপত্র/সাময়িকী

জাতীয় গ্রন্থাগারের সংগ্রহে রয়েছে বিভিন্ন শিরোনামের বাংলা/ইংরেজি সংবাদপত্র ও সাময়িকী । উল্লেখযোগ্য পুরনো পত্রিকাসমূহের মধ্যে দৈনিক আজাদ, দৈনিক ইত্তেফাক, দৈনিক পাকিস্তান, দৈনিক বাংলা, বাংলার বাণী, সংবাদ, পূর্বদেশ, The Statesman, Dawn, Observer, Morning News, Bangladesh Times, Pakistan Times ইত্যাদি।

সরকারি প্রকাশনা

জাতীয় গ্রন্থাগারে উত্তরাধিকার সূত্রে তৎকালীন পূর্ব পাকিস্তানে অবস্থিত কেন্দ্রীয় লাইব্রেরি থেকে প্রাপ্ত সরকারি প্রকাশনাসহ বাংলাদেশের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকাশিত/প্রদত্ত প্রকাশনাসমূহ ব্যবহারোপযোগীভাবে সংরক্ষণ করা হয়। বাংলাদেশের প্রথম বাজেট বিবরণী, পাকিস্তানের প্রথম আদম শুমারি ১৯৫১, ডিস্ট্রিক্ট গেজেটিয়ার, পাকিস্তানের প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনা ইত্যাদি ।

জার্নাল

দেশ বিদেশ থেকে প্রাপ্ত/সংগৃহীত বিভিন্ন পেশা/বিষয়ভিত্তিক উল্লেখযোগ্য সংখ্যক নির্বাচিত জার্নাল জাতীয় গ্রন্থাগারে বাঁধাইপূর্বক সংরক্ষণ করা হয়েছে।

ভাষা ও দেশভিত্তিক সংগ্রহ

বিশ্বের বিভিন্ন দেশে বিভিন্ন ভাষায় দেশভিত্তিক প্রকাশিত গ্রন্থ, সাময়িকী, বিভিন্ন জার্নাল ইত্যাদি জাতীয় গ্রন্থাগারে বিশেষ ব্যবস্থাপনায় সংরক্ষণ করা হয়। এজন্য জাতীয় গ্রন্থাগারে একটি বিদেশি কর্নার নির্দিষ্ট করা আছে। ইংরেজি ছাড়া বিদেশি ভাষায় প্রকাশিত সংগ্রহের মধ্যে উল্লেখযোগ্য হলো- গ্রিক, ব্রাজিল, হিন্দি, উর্দু, আরবি, ফ্রেঞ্চ, ফার্সি, জাপানিজ, চাইনিজ এবং কোরিয়ান ভাষায় প্রকাশিত বই ও জার্নাল।

ম্যাপ

জাতীয় গ্রন্থাগারে ১৮৯২-২০১৩ সাল পর্যাপ্ত দেশ, জেলা, থানা, নদ-নদী, পৌরসভা, যোগাযোগ ও গাইড ম্যাপ ইত্যাদির মত বিভিন্ন বিষয়ের উপর প্রায় ১৭০০ ম্যাপ সংরক্ষিত আছে।

মাইক্রোফিল্ম

Bengali Native Newspaper Reports এর ১৮৭৫-১৯২৬ খ্রি. পর্যন্ত প্রায় ৫৯টি মাইক্রোফিল্ম রোল জাতীয় গ্রন্থাগারে সংরক্ষিত আছে।

মাইক্রোফিস

জাতীয় গ্রন্থাগারে ১৯৮৫-১৯৯৩ সাল পর্যন্ত বিভিন্ন বিষয়ের প্রায় ২০টি মাইক্রোফিস রোল সংরক্ষিত আছে।

দুষ্প্রাপ্য ও উল্লেখযোগ্য বই

আলালের ঘরের দুলাল - শ্রী টেকচাঁদ ঠাকুর, ১২৬৫ বঙ্গাব্দ
ময়মনসিংহের বিবরণ - কেদারনাথ মজুমদার, ১৯০৭ খ্রি.
রাজবালা - রামকৃষ্ণ মুখোপাধ্যায়, ১২৭৭ বঙ্গাব্দ
বঙ্গদেশের বিশেষ বিবরণ - শশীভূষণ চট্টোপাধ্যায়, ১৯০২ খ্রি.
নব চরিত - রজনীকান্ত গুপ্ত, ১২৯৩ বঙ্গাব্দ
ইউছুফ জুলেখা
হাতে লেখা পবিত্র কোরআন শরিফ, ১৭৫২ খ্রি.
Glimpses of Bengal - A Claude Campbell
Nakshi Kantha of Bengal - Sila Basak

অধিদপ্তরের সাধারণ তথ্যাবলি

জাতীয় আরকাইভস

সময়সূচি: সরকারি কর্মদিবসে সকাল ৯.০০ টা থেকে বিকেল ৫.০০ টা পর্যাপ্ত বাংলাদেশ জাতীয় আরকাইভস খোলা থাকে । সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন বন্ধ থাকে।

সদস্যপদ: জাতীয় আরকাইভসের নির্ধারিত সদস্য ফরম সংগ্রহ করে পূরণপূর্বক আবেদন করতে হবে। সদস্য ফরম অধিদপ্তরের ওয়েবসাইটে দেয়া আছে। যে কেউ অনলাইন ফরম ডাউনলোড করে পূরণপূর্বক সরাসরি জমা দিতে পারবেন।

আবেদনপত্রের সাথে যা প্রয়োজন :

১.সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি ০১ (এক) কপি।
২.জাতীয় পরিচয়পত্র অথবা অফিসিয়াল আইডির ফটোকপি ০১ (এক) কপি।
৩.পাসপোর্টের ফটোকপি (বিদেশিদের ক্ষেত্রে) ০১ (এক) কপি।
৪.সদস্য ফি বাবদ: ক) দেশি গবেষক-০১ (এক) দিনের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা । খ) দেশি গবেষক-০১ বছরের জন্য ১০০/- (একশত) টাকা । গ) বিদেশি গবেষক-২০০/-(দুইশত) টাকা । প্রতিটি সদস্য কার্ডের মেয়াদ ০১ (এক) বছর । নবায়ন ফি প্রতি বছর ৫০/-(পঞ্চাশ) টাকা।

ফটোকপি সেবা: গবেষকদের সুবিধার্থে বই প্রতি পৃষ্ঠা ২/-, গেজেট প্রতি পৃষ্ঠা ৫/- ও পত্রিকা প্রতি পৃষ্ঠা ৫/- টাকা হারে ফি প্রদান সাপেক্ষে ফটোকপি সেবা গ্রহণ করা যায়।

স্ক্যানিং ও প্রিন্টিং সেবা: অতি পুরাতন ও দুষ্প্রাপ্য/দুর্লভ শ্রেণির তথ্যসামগ্রীর মধ্যে বইয়ের স্ক্যানিং ও প্রিন্টিং ফি প্রতি পৃষ্ঠা ৫/-টাকা, গেজেট প্রতি পৃষ্ঠা ১০/-টাকা, পত্রিকা প্রতি পৃষ্ঠা ১০/- টাকা এবং ক্যামেরা স্ন্যাপ প্রতি ইমেজ ২/- টাকা হারে ফি প্রদান করে সেবা গ্রহণ করা যায়।

অডিটোরিয়াম ভাড়া : জাতীয় আরকাইভস ভবনের আধুনিক মানের সুসজ্জিত শীতাতপ নিয়ন্ত্রিত ৩০০ আসন বিশিষ্ট অডিটোরিয়ামটি পূর্ণ দিবস ১১,৫০০/-(ভ্যাটসহ) এবং অর্ধ দিবস ৭৫৫০/-(ভ্যাটসহ) টাকা হারে ভাড়া দেয়া হয়।

যোগাযোগের ঠিকানা

পরিচালক	**উপপরিচালক** (আরকাইভস)
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ৩২, বিচারপতি সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭ টেলিফোন : +৮৮-০২- ফ্যাক্স : +৮৮০-২-৫৮১৫৩৬৭১ ওয়েবসাইট : www.nanl.gov.bd	জাতীয় আরকাইভস ভবন আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ৩২, বিচারপতি সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭ টেলিফোন : +৮৮০-২- ৮১৮১২২৭ ফ্যাক্স : +৮৮০-২- ওয়েবসাইট: www.nanl.gov.bd

জাতীয় গ্রন্থাগার

গ্রন্থাগার সময়: রবিবার হতে বৃহস্পতিবার সকাল ৯.০০টা থেকে বিকেল ৫.০০ টা। তবে বাংলা পাঠকক্ষ রাত ৮:০০ টা পর্যন্ত খোলা থাকে। সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন জাতীয় গ্রন্থাগার বন্ধ থাকে।

সদস্যপদ: জাতীয় গ্রন্থাগারের নির্ধারিত সদস্য ফরম সংগ্রহ করে পূরণপূর্বক ৫০/-(পঞ্চাশ) টাকা সাধারণ পাঠক, ১০০/- (একশত) টাকা গবেষক ও ২০০/-(দুইশত) টাকা বিদেশি গবেষক সদস্যতা ফি জমা দিয়ে যে কেউ বাংলাদেশ জাতীয় গ্রন্থাগারের সদস্য হতে পারেন । প্রতিটি সদস্য কার্ডের মেয়াদ ০১(এক) বছর । সাধারণ পাঠক ২৫/- টাকা এবং গবেষক ৫০/- টাকা জমা দিয়ে সদস্যপদ নবায়ন করতে পারেন।

ফটোকপি সেবা: পাঠক ও গবেষকদের জন্য বই প্রতি পৃষ্ঠা ২/-, গেজেট প্রতি পৃষ্ঠা ৫/- ও পত্রিকা প্রতি পৃষ্ঠা ৫/-টাকা হারে ফি প্রদান সাপেক্ষে ফটোকপি সেবা গ্রহণ করা যায়।

স্ক্যানিং ও প্রিন্টিং সেবা: অতি পুরাতন ও দুষ্প্রাপ্য/দুর্লভ শ্রেণির তথ্যসামগ্রীর মধ্যে বইয়ের স্ক্যানিং ও প্রিন্টিং ফি প্রতি পৃষ্ঠা ৫/-টাকা, গেজেট প্রতি পৃষ্ঠা ১০/-টাকা, পত্রিকা প্রতি পৃষ্ঠা ১০/- টাকা এবং ক্যামেরা স্ন্যাপ প্রতি ইমেজ ২/- টাকা হারে ফি প্রদান করে সেবা গ্রহণ করা যায়।

ISBN **বরাদ্দ সেবা:** প্রতি ISBN ৫০/-টাকা প্রদান সাপেক্ষে অনলাইনে ISBN বরাদ্দ নেয়া যায় । isbn.teletalk.com.bd এই লিংকে ক্লিক করে ISBN এর জন্য প্রথমত রেজিস্ট্রেশন করতে হবে। আপনার নিজস্ব প্রকাশনা সংস্থা থাকলে প্রকাশনা সংস্থার নামে রেজিস্ট্রেশন (Publisher Registration) করবেন। অন্যথায় লেখক রেজিস্ট্রেশন (Author Registration) করবেন। এরপর Application for ISBN এ গিয়ে আবেদন করা যাবে।

অডিটোরিয়াম ভাড়া: জাতীয় গ্রন্থাগার ভবনের সুসজ্জিত শীতাতপ নিয়ন্ত্রিত অডিটোরিয়ামটি পূর্ণ দিবস ১১৫০০/-(ভ্যাটসহ) এবং অর্ধ দিবস ৫,৭৫০/-(ভ্যাটসহ) টাকায় ভাড়া দেয়া হয়।

অবস্থান ও যোগাযোগ:

পরিচালক আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ৩২, বিচারপতি সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭ টেলিফোন : +৮৮-০২-৪৮১১৭৬৯০ ফ্যাক্স : +৮৮০-২-৯১১৮৭০৪ ওয়েবসাইট : www.nanl.gov.bd	চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক জাতীয় গ্রন্থাগার ভবন আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ৩২, বিচারপতি সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭ টেলিফোন : +৮৮০-২-৪৮১১৪৩৩১ ফ্যাক্স : +৮৮০-২-৯১১৮৭০৪ ওয়েবসাইট : www.nanl.gov.bd

জাতীয় কবির জীবনদর্শন ও লেখনী

- আমিনুল ইসলাম

কাজী নজরুল ইসলাম। বাংলাদেশের জাতীয় কবি। তিনি ১৮৯৯ সালের ২৫ মে মোতাবেক ১৩০৬ বঙ্গাব্দের ১১ জ্যৈষ্ঠ অবিভক্ত ভারতের বর্ধমান জেলার চুরুলিয়া গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম কাজী ফকির আহমদ এবং মাতার নাম জাহেদা খাতুন। তিনি ১৯৭৬ সালের ২৯ অগাস্ট মোতাবেক ১৩৮৩ বঙ্গাব্দের ১২ ভাদ্র ঢাকায় পরলোক গমন করেন। জন্মের কিছুদিন পরই তিনি পারিবারিক দারিদ্রের কবলে পড়েন। তিনি বাল্যকালেই নানাবিধ রোজগারমূলক কাজ করতে বাধ্য করেন। তিনি জনৈক পুলিশ সাব-ইন্সপেক্টরের সহানুভূতি পেয়ে ময়মনসিংহের ত্রিশালে আসের এবং সেখানকার দরিরামপুরে হাইস্কুলে নবম শ্রেণিতে ভর্তি হন; সেখান থেকে পালিয়ে গিয়ে রাণীগঞ্জের সিয়ারসোল হাইস্কুলে কিছুদিন পড়াশোনা করেছিলেন। কিন্তু তাঁর প্রবেশিকা পরীক্ষা দেওয়া হয়নি। তখন ১৯১৭ সাল। দ্বিতীয় বিশ্বযুদ্ধের দামামা বেজে ওঠে। নজরুল পড়া ছেড়ে ৪৯ নং বাঙালি পল্টনে যোগ দেন এবং করাচি চলে যান। যুদ্ধে থাকাকালীনই 'ব্যথার দান' গ্রন্থটি রচনা করেন। নজরুলের মধ্যে যুগপৎভাবে বিকশিত হয়েছিল অসাম্প্রদায়িক ও বিদ্রোহী সত্তা। বৃটিশ সরকার তাকে ১৯২২ খ্রিস্টাব্দে রাজদ্রোহীতার অপরাধে কারাবন্দী করে এবং বিচারে তিনি কারাদন্ড প্রাপ্ত হন। তিনি সুবিখ্যাত 'বিদ্রোহী' কবিতা লেখার পর থেকেই 'বিদ্রোহী কবি' নামে পরিচিত ও বিখ্যাত হয়ে ওঠেন। তিনি ১৯৪২ সালে স্নায়ুবিক রোগে আক্রান্ত হয়ে পড়েন। আর সুস্থ হতে পারেননি। বাংলাদেশ সরকার ১৯৭২ সালে তাঁকে কলকাতা থেকে ঢাকায় নিয়ে আসে এবং ১৯৭৬ সালে তাঁকে বাংলাদেশের নাগরিকত্ব প্রদান করা হয়। অসুস্থ অবস্থায় ১৯৭৬ সালে তিনি মৃত্যুবরণ করেন। ঢাকা বিশ্বদ্যিালয়ের কেন্দ্রীয় মসজিদের পাশে তাঁকে সমাহিত করা হয়। কাজী নজরুল ইসলাম অনেক বছর বেঁচেছিলেন রবীন্দ্রনাথের চেয়েও বেশি। কিন্তু তাঁর সুস্থ স্বাভাবিক জীবন ছিল প্রায় ৫০ বছর। ঐ সময়কালে তিনি বহুকাজ করেছেন। পেশাতভাবে তিনি ছিলেন--মসজিদের ইমাম, লেটোগানের রচয়িতা, হোটেল বয়, কাজের ছেলে, হাবিলদার, সাংবাদিক, সম্পাদক, কবি, উপন্যাসিক, প্রবন্ধকার, ছোটগল্প রচয়িতা, নাট্যকার, অভিনেতা, গীতিকার, সুরকার, সংগীতসাধক, সংগীত পরিচালক, গায়ক, রাজনীতিবিদ। এই বিচিত্র ও বহুমাত্রিক অভিজ্ঞতা তাঁর সৃষ্টিশীল জীবনকে প্রভাবিত করেছিল গভীরভাবে ইতবাচকভাবে, নেতিবাচকভাবেও।

সাহিত্য-সংগীত জীবন : সৃষ্টি ও স্বীকৃতি

কাজী নজরুল ইসলাম মাত্র ২৩ বছর সাহিত্য-সংগীত চর্চা করার সুযোগ পান। এই অল্প সময়ে তিনি সৃষ্টি করেন অনেক গ্রন্থ এবং ৪/৫ হাজার গান। নজরুল রচিত কাব্যগ্রন্থদুলো হচ্ছে: অগ্নিবীণা, সাম্যবাদী, ঝিঙেফুল, সিন্ধু হিন্দোল, চক্রবাক, নতুন চাঁদ, মরুভাস্কর, বিষের বাঁশি, ভাঙ্গার গান, চিত্তনামা, পূবের হাওয়া, সর্বহারা, ফণীমনসা, সঞ্চিতা, জিঞ্জির, সন্ধ্যা, প্রলয় শিখা, নির্ঝর, শেষ সওগাত, ঝড়; উপন্যাস: বাঁধনহারা, মৃত্যুক্ষুধা, কুহেলিকা। তাঁর গল্পগ্রন্থসমূহের নাম হচ্ছে;-ব্যথার দান, রিক্তের বেদন, শিউলিমালা, হক সাহেবের হাসির গল্প, সাপুড়ে। ঝিলিমিলি, আলেয়া, পুতুলের বিয়ে, মধুমালা, ঝড়, পিলে পটকা পুতুলের বিয়ে প্রভৃতি হচ্ছে নজরুল রচিত নাটক। তাঁর প্রবন্ধগ্রন্থগুলোর নাম: যুগবাণী, দুর্দিনের যাত্রী, রুদ্রমঙ্গল, রাজবন্দীর জবানবন্দী। নজরুল একজন দক্ষ অনুবাদক ছিলেন । তাঁর অনুবাদগ্রন্থগুলো হচ্ছে--দিওয়ানে হাফিজ, কাব্যে আমপারা, মক্তব সাহিত্য, রুবাইয়াৎ-ইওমর খৈয়াম। সংগীত স্রষ্টা হিসেবে নজরুল অতুলনীয়। বিষয় বৈচিত্র্য এবং সুর উভয় বিবেচনাতেই নজরুল তুলনাহীন সাফল্যের অধিকারী। তাঁর সংগীতগ্রন্থ হচ্ছে-বুলবুল (১ম খন্ড ও ২য় খন্ড); চোখের চাতক (১৯২৯) ; চন্দ্রবিন্দু (১৯৪৬); নজরুল গীতিকা (১৯৩০) ; নজরুল স্বরলিপি (১৯৩১); সুরসাকী (১৯৩১); জুলফিকার (১৯৩২) ;বনগীতি (১৯৩২) ;গুলবাগিচা (১৯৩৩) ;গীতিশতদল (১৯৩৪); সুরলিপি (১৯৩৪); সুর-মুকুর (১৯৩৪) ;গানের মালা (১৯৩৪)।

সাহিত্য-সংগীত রচয়িতা হিসেবে ব্যাপক সমাদর লাভ করেছিলেন। তিনি তাঁর জীবদ্দশাতেই ১৯২৯ সালে সকল ধর্মের শীর্ষ গুণীজনদের দ্বারা কলকাতার অ্যালবার্ট হলে আনুষ্ঠানিকভাবে সংবর্ধিত হয়েছিলেন যা আর কোনো কবির ভাগ্যে জোটেনি। তিনি বিদ্রোহী কবি; সাম্যবাদী কবি; যৌবনের কবি; প্রেমের কবি; স্বাধীনতার কবি; অসাম্প্রদায়িক কবি; বাংলা আধনিক গানের জনক; ইসলামী জাগরণের কবি; মহা বিশ্বশ্বকবি। তিনি জগত্তারিণী, পদ্মভূষণ, স্বাধীনতা পুরস্কার প্রভৃতি লাভ করেন। তবে তাঁর গ্রহণযোগ্যতা ও জনপ্রিয়তার কাছে সেসব নস্যিমাত্র। তিনি বাংলাদেশের জাতীয় কবি; বাংলাদেশে এবং ভারতের পশ্চিমবঙ্গো অসংখ্য শিক্ষাপ্রতিষ্ঠানের নামকরণ, রাস্তার-সরণীর নামকরণ, বিমানবন্দরের নামকরণ; সংগঠনের নামকরণ; জাতীয়ভাবে জন্মদিন উদযাপন; সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালির তালিকায় অন্তর্ভুক্তি; জীবন ও সৃষ্টি নিয়ে অসংখ্য প্রবন্ধ নিবন্ধ কবিতা ছড়া গান এবং পুস্তক রচিত।

নজরুলে জীবনদর্শন ও শিল্পচেতনা: নজিরবিহীন এক অনন্য সংশ্লেষ

কাজী নজরুল ইসলাম এক বিস্ময়কর প্রতিভার নাম। কবিতা-গান-অভিভাষণ-সম্পাদকীয় প্রভৃতির মাধমে তিনি যেভাবে জনজীবনকে আলোড়িত করেছিলেন , তা আর কোনো কবি করতে পারেননি। তাঁর ব্যক্তিজীবনও ছিল অনন্য এবং পূর্বনজিরবিহীন। তিনি ভারতবর্ষের স্বাধীনতার দাবিকারী প্রথম ব্যক্তি বা কবি; কোনো রাজনীতিবিদ নয়, একজন কবি নাড়িয়ে দিয়েছিলেন বিশ্বশাসনকারী বৃটিশরাজের ভিত। তিনি কবিতা লিখে কবি হিসেবে দণ্ডপ্রাপ্ত হয়েছেন এবং জেল খেটেছেন প্রথম। তিনি নারীস্বাধীনতার পক্ষে প্রথম কবিতা রচনা করেছেন। তিনি আধুনিক বাংলা গানের প্রচলন করেছেন। তিনি বাংলাভাষায় গজলগান নিয়ে এসেছেন। তিনি সর্বাধিক সংখ্যক এবং সবচেয়ে বৈচিত্র্যময় গান রচনা করেছেন। সুরবৈচিত্র্যে তিনি তুলনাহীন। তিনি সবচেয়ে বেশি সংখ্যক রাগ-রাগিনী উদ্ভাবন করেছেন। তিনি প্রথম বাংলা ভাষায় অগ্নিবাণী বীররসের কবিতা ও গানের প্রচলন ঘটিয়েছেন। তিনি প্রথম ইসলামী সংগীত রচনা করেছেন। তিনি সবচেয়ে বেশি সংখ্যক ও সবচেয়ে উৎকৃষ্ট মানের সনাতন ধর্মীয় সংগীত রচনা করেছেন। তিনি সকল ধর্মের মানুষের মহামিলনের ও শান্তিপূর্ণ সহাবস্থানের পক্ষে কবিতা ওগার রচনা করেছেন। তিনি বাংলা সাহিত্য সংস্কৃতিতে তো বটেই , বিশ্বসাহিত্য-সংগীতের অঙ্গানের সবচেয়ে বড় মানবতাবাদী ও সাম্প্রদায়িক সম্প্রীতির কবি-গীতিকার। তিনি বাংলাভাষার আগুন ঝরা প্রকাশ ক্ষমতার উদ্বোধন ঘটিয়েছেন। তিনি একহাতে বিদ্রোহের কবিতা গান রচনা করেছেন, অন্যহাত দিয়ে রচছেন প্রেমের কবিতা-গান। কবিদের মধ্যে তিনিই সবচেয়ে বেশি সংখ্যক পেশায় কাজ করেছেন। তিনি ভিন্ধর্মীয় নারীকে বিয়ে কের সংসার করেছেন তাকে ধর্মান্তরিত না করেই এবং নিজ সন্তানদের নাম রেখেছেন একাধিক ধর্মের নামের সংমিশ্রণ ঘটিয়ে। এটাও তখন পূর্বনজিরবিহীন অভিনব ঘটনা ছিল। সমকালে এত সমাদর আর কোনো কবির ভাগ্যে জোটেনি; আবার তাঁর মতো নির্ম সামলোচনা ও নিন্দার ভাগীদার হতে হয়নি অন্য কোনো কবিকে। **প্রখ্যাত সাহিত্যিক-বুদ্ধিজীবী জিল্লুর রহমান সিদ্দিকী যথার্থতই বলেছেন: ‘কবি হিসেবে তিনি কতো বড়ো, তার চেয়ে গুরুত্বপূর্ণ কথা, তিনি তাঁর বিশিষ্টতায় সমুজ্জ্বল-- তিনি একক ও অনন্য। সমসাময়িক কবিদের সঙ্গো তাঁর তুলনা তিনি অপ্রাসঙ্গিক করে দিয়েছেন, কারণ অন্যেরা যেখানে শুধুই কবি, তিনি সেখানে তাঁর সৃষ্টির চেয়েও মহত্তর এক ব্যক্তি, তিনি ইতিহাসের স্রষ্টা, এবং ইতিহাসের একপর্বের একজন নায়ক। সমকালকে এভাবে আলোড়িত অভিভূত আর কোনও কবি করেনি।’**

জ্ঞানভিত্তিক জীবন ও সমাজ বিনির্মাণের কবি

কাজী নজরুল ইসলাম প্রবলভাবে জ্ঞানানুরাগী ছিলেন। তিনি জ্ঞানভিত্তিকসমাজ গঠনের পক্ষে ছিলেন। মূর্খতা, অশিক্ষা, অন্ধত্ব দূর করে জ্ঞানের আলোকিত সমাজব্যবস্থা প্রতিষ্ঠার স্বপ্ন ছিল তাঁর জীবন দর্শনের অন্যতম প্রধান দিক। তিনি ছোটকাল থেকেই জ্ঞানানুরাগী ছিলেন। তিনি তাঁর এক লেটা গানে বলেছিলেন:

শোনো শোনো ব্রাহ্মণ পণ্ডিত আর মৌলভি সবে।
সকল ধর্মের সার কি? জানিতে মোরে হবে?
সে কারণে বেদ উপনিষদ পুরাণাদি আর,
জানিতে পড়িতে জাগে বাসনা আমার,
ফার্সিতে এসব তরজমা করহ তোমরা সবে।।
[লেটো গান, নজরুলসঙ্গীত সমগ্র]

তিনি যতদিন সুস্থ ছিলেন, ততদিন এই জ্ঞানের সাধনা করে গেছেন। বিশ্বসাহিত্য, বিশ্বদর্শন, বিভিন্ন ধর্ম এবং সংগীত বিষয়ে তাঁর জ্ঞান ছিল বিস্ময়করভাবে ব্যাপক ও গভীর। বিশ্বসাহিত্য, তুলনামূলক ধর্মতত্ত্ব, আন্তর্জাতিক ইতিহাস ও মিথ, মানবজাতির অতীত ইতিহাস, সংগীত, সরকার ও প্রশাসন, পুঁজিবাদ, পুরুষতন্ত্র, ধর্মীয় ও সামাজিক কুসংস্কারের শেকড় প্রভৃতি বিষয়ে তাঁর অভিজ্ঞান ছিল ঈর্ষণীয়ভাবে সমৃদ্ধ। তিনি একইসঙ্গে বাংলা, আরবী, হিন্দি, উর্দু, ফারসী প্রভৃতি ভাষায় পারদর্শী ছিলেন। তবে সবচেয়ে বড় বিষয়টি ছিল-তিনি স্বশিক্ষিত ছিলেন; ছিলেন নিজের জীবন নিজেই গড়ে তুলেছিলেন। তাঁর জীবন তাঁর নিজহাতে প্রণীত। তখন মুসলমান বাঙালি সমাজ জ্ঞানবিমুখ ও শিক্ষা থেকে দূরে সরে ছিল। হিন্দু-মুসলমানের মধ্যে সাম্প্রদায়িকতা ও বৈষম্যজনিত দূরত্ব। নজরুল জেনেছিলেন একমাত্র শিক্ষায় সমানভাবে প্রাগসর হলেই সম্প্রদায়ের মধ্যে পারস্পারিক শ্রদ্ধাবোধ ও সৌহার্দ্য প্রতিষ্ঠিত হবে। তিনি জ্ঞানার্জনের ওপর জোর দিয়ে বলেছেন: “আজ বাঙালি মুসলমানদের মধ্যে একজনও চিত্র-শিল্পী নাই, ভাস্কর নাই, সঙ্গীতজ্ঞ নাই, বৈজ্ঞানিক নাই, ইহা অপেক্ষা লজ্জার আর কি আছে? এই সবে যাহারা জন্মগত প্রেরণা লইয়া আসিয়াছিল, আমাদের গোঁড়া সমাজ তাহাদের টুঁটি টিপিয়া মারিয়া ফেলিয়াছে ও ফেলিতেছে। এই অত্যাচারের বিরুদ্ধে আমাদের সমস্ত শক্তি লইয়া যুঝিতে হইবে। নতুবা আর্টে বাঙালি মুসলমানদের দান বলিয়া কোনো কিছু থাকিবে না। পশুর মতো সংখ্যাগরিষ্ঠ হইয়া বাঁচিয়া আমাদের লাভ কি, যদি আমাদের গৌরব করিবার কিছুই না থাকে। ভিতরের দিকে আমরা যত মরিতেছি, বাহিরের দিকে তত সংখ্যায় বাড়িয়া চলিতেছি। এক মাঠ আগাছা অপেক্ষা একটি মহীরুহ অনেক বড় শ্রেষ্ঠ। ’ তনি মুসলমানদের জ্ঞানবিজ্ঞানবিমুখতাকে চিহ্নিত করে আরও জোরে কষাঘাত হেনে বলেছেন, ‘বিশ্ব যখন এগিয়ে চলেছে আমরা তখনো বসে / বিবি তালাকের ফতোয়া খুঁজেছি ফিকাহ ও হাদীস চষে ।’ প্রসঙ্গত আরও উল্লেখযোগ্য, নজরুল চাকরিপ্রত্যামী কেরানি তৈরীর শিক্ষাকে প্রকৃত শিক্ষা বলতে অস্বীকৃতি জ্ঞাপন করেছেন। তিনি শিক্ষা গভীরভাবে জ্ঞানার্জন ও অন্তরের দিক থেকে আলোকিত মানুষ হয়ে ওঠাকে বুঝিয়েছেন। এখন যেটাকে আলোকায়ন বা enlightenment বলা হচ্ছে , নজরুল বহু আগেই সেকথা বলেছেন। তখন পরাধীন ভারতের বাংলায় উচ্চশিক্ষিত একদল হিন্দু যুবক গড়ে তুলেছিল আলোকপ্রাপ্ত একটা সমাজ বা সংঘ। তাদের বলা হতো ইয়ং বেঙ্গাল। তারাই বাংলা সাহিত্যে শিল্পে আধুনিকতার আলো ছড়িয়েছিল। তারাই হিন্দু সমাজের সকল ধর্মীয়-সামাজিক কুসংস্কার ও অন্ধত্বকে চ্যালেঞ্জ করেছিল। কিন্তু সেই জ্ঞানালোক থেকে বাঙালি মুসলমান সমাজ ছিল পিছিয়ে। নজরুল তুলনা রচে বলেছেন: ‘ইউনিভার্সিটির কত উজ্জলতম রত্ন – যাহারা আজ অনায়াসে জজ ম্যাজিস্ট্রেন্সট ব্যারিস্টার প্রফেসার হইয়া নির্ঝঞ্ঝাট জীবনযাপন করিত, তাহারা রাস্তায় প্রাণ ফিরি করিয়া ফিরিতেছে। ইহারা আছে বলিয়াই ত মেরুদণ্ডহীন বাঙালি জাতি আজও টিকিয়া আছে। দীপ-শলাকার মত ইহারা নিজেদের আয়ু ক্ষয় করিয়া গ্রামে গ্রামে ঘরে ঘরে প্রাণ-প্রদীপ জ্বালাইয়া তুলিতেছে।... আমাদের মুসলমান তরুণেরা লেখাপড়া করে, জ্ঞান অর্জনের জন্য নয়, চাকুরি অর্জনের জন্য। গাধার “ফিউচার প্রসপেক্টের” মত আমরা ঐ চাকুরির দিকে তীর্থের কাকের মত হা করিয়া চাহিয়া আছি। বি-এ, এম-এ, পাশ করিয়া কিছু যদি না হই অন্তত সাবরেজিস্টার বা দারোগা হইবই হইব, এই যাহাদের লক্ষ্য, এত স্বল্প যাহাদের আশা, এত নিম্নে যাহাদের গতি – তাহাদের কি আর মুক্তি আছে ? এই ভূত ছাড়িয়া না গেলে আমরা যে তিমিরে সে তিমিরেই থাকিয়া যাইব। এই ভূতকে ছাড়াইবার ওঝা আপনারা যুবকের দল। আমাদেরই প্রতিবেশী তরুণ শহীদদের আদর্শ যদি আমরা গ্রহণ করিতে না পারি, তাহা হইলে আমাদের স্থান সভ্য জগতের কোথাও নাই। চাকুরির মোহ, পদবির নেশা, টাইটেলের বা

টাই ও টেলের মায়া যদি বির্সজন না করিতে পারি, তবে আমাদের সঙ্ঘ প্রতিষ্ঠার আশা সুদূর পরাহত। ' [তরুণের সাধানা / কাজী নজরুল ইসলাম]

আলোকিত ও প্রগতিশীল জীবন দর্শনের কবি

কাজী নজরুল ইসলাম ছিলেন প্রকৃত অর্থেই প্রগতিশীল মানুষ। তিনি ধর্ম ও বিজ্ঞানের মধ্যে মতবিরোধকে দ্বন্দ্ব হিসেবেনা দেখে উভয় অঞ্জানের ইতিবাচক দিকগুলোকে গ্রহণ করেছিলেন। তিনি লেটোগানে বলেছিলেন, '' কোন কেতাবে লেখা আছে, হারাম বাজনা গান/ দাউদ নবীর বাঁশির সুরে চমকে পাখির প্রাণ/ সুর যদি ভাই হারাম হতো/ বেলালে কি আজান দিত/ হাফিজ কআরী মধুর সুরে, পড়ত কি কোরান।''(লেটো গান) তিনি বিজ্ঞানকে বরণ করে করে বিজ্ঞানের পক্ষে বহু কবিতা লিখেছেন । কাজী নজরুল ইসলাম তার এক অভিভাষণে বলেছিলেন, 'বিংশ শতাব্দীর অসম্ভবের সম্ভাবনার যুগে আমি জন্মগ্রহণ করেছি। এরি অভিযান-সেনাদলের তূর্যবাদকের একজন আমি- এই হোক আমার সবচেয়ে বড় পরিচয়।' বিংশ শতাব্দী মানেই বিজ্ঞানের অগ্রযাত্রা, বিজ্ঞানের জয়জয়কার। কাজী নজরুল ইসলাম ছিলেন সামগ্রিক অর্থেই বিদ্রোহী কবি, বিদ্রোহী মানুষ। ফলে পুরনোর স্থলে নতুনকে বরণ করা ছিল তার স্বভাবসিদ্ধ কাজ। বিজ্ঞানের আবিষ্কার বিদ্যুৎ, গ্রামোফোন রেকর্ড, জিপগাড়ি এসব তিনি ব্যক্তিজীবনেই ব্যবহার করেছিলেন অন্যদের চেয়ে একধাপ এগিয়ে। তিনি জীবনে-ভুবনে বিজ্ঞানকে গ্রহণ করেছিলেন উৎসাহিত চিত্তে। বিজ্ঞানীদের কার্যক্রম লক্ষ করে বলেছিলেন, 'নীহারিকা-লোকে অনিমিখে চেয়ে আছেন বৈজ্ঞানিক/ কত শত নব সূর্য জনমি রাঙায় অজানা দিক।' তিনি আরও বলেছেন, 'তুহিন মেরু পার হয়ে যায়/ সন্ধানীরা কিসের আশায়/ হাউই চড়ে চাই যেতে কে চন্দ্রলোকের অচিনপুরে/ শুনবো আমি ইঙ্গিৎ কোন্ মঙ্গল হ'তে আসছে উড়ে।' 'সন্ধানীরা' মানেই বিজ্ঞানীরা। এই কবিতা রচিত হওয়ার প্রায় দুই যুগ পর বিজ্ঞানীরা সত্যি সত্যি চাঁদে গেছেন। এখন তো বিভিন্ন গ্রহে প্রাণের অনুসন্ধান চলছে। এভাবেই নজরুলের ভাবনা ও বিজ্ঞানীর অনুসন্ধান একবিন্দুতে মিলিত হয়ে গেছে। 'আমি গাই তারি গান' কবিতায় সাগরে, ভূগর্ভে-আকাশে-জঙ্গলে অনুসন্ধান পরিচালনাকারী বিজ্ঞানীদের নান্দীপাঠ করেছেন। যারা মেঘ-বজ্র ছেনে বিদ্যুৎ আবিষ্কার করেছেন, যারা বৈদ্যুতিক ফ্যান আবিষ্কারের মাধ্যমে বাতাসকে করেছেন 'আজ্ঞাবাহী', যারা সাগরের গর্ভ থেকে মুক্ত আহরণ করেছেন, তিনি তাদের সবার জন্য বন্দনা রচেছেন : 'এসেছি তাদের জানাতে প্রণাম, তাহাদের গান গাহি'। তিনি শিল্পসাহিত্য-সংগীতকে প্রগতিশীল সমাজের অপরিহার্য উপকরণ হিসেবে চিহ্নিত করেন। তখন মুসলমান সমাজ এসবক্ষেত্রে পিছিয়ে পড়েছিল অশিক্ষা ও কুসংস্কারের দাস হয়ে। নজরুল বলেছেন, 'আজ বাঙালি মুসলমানদের মধ্যে একজনও চিত্র-শিল্পী নাই, ভাস্কর নাই, সঙ্গীতজ্ঞ নাই, বৈজ্ঞানিক নাই, ইহা অপেক্ষা লজ্জার আর কি আছে ? এই সবে যাহারা জন্মগত প্রেরণা লইয়া আসিয়াছিল, আমাদের গোঁড়া সমাজ তাহাদের টুটি টিপিয়া মারিয়া ফেলিয়াছে ও ফেলিতেছে। এই অত্যাচারের বিরুদ্ধে আমাদের সমস্ত শক্তি লইয়া বুঝিতে হইবে। নতুবা আর্টে বাঙালি মুসলমানদের দান বলিয়া কোনো কিছু থাকিবে না। পশুর মত সংখ্যাগরিষ্ঠ হইয়া বাঁচিয়া আমাদের লাভ কি , যদি আমাদের গৌরব করিবার কিছুই না থাকে। ভিতরের দিকে আমরা যত মরিতেছি, বাহিরের দিকে তত সংখ্যায় বাড়িয়া চলিতেছি। এক মাঠ আগাছা অপেক্ষা একটি মহীরুহ অনেক বড় – শ্রেষ্ঠ।' [তরুণের সাধনা / কাজী নজরুল ইসলাম] তিনি আলোকিত ও প্রগতিশীর জীবনের পথে যা-কিছু বাধা আছে ধর্মীয় কিংবা সামাজিক, তা অপসারণের প্রেরণা দিয়েছেন প্ররোচনামূলক ভাষায়: 'আমরা বিশ্বের সর্বাগ্রে চলমান জাতির সহিত পা মিলাইয়া চলিব। ইহার প্রতিবন্ধক হইয়া দাঁড়াইবে যে বিরোধ আমাদের শুধু তাহার সাথেই। ঝঞ্চার নূপুর পরিয়া নৃত্যায়মান তুফানের মত আমরা বহিয়া যাইব। যাহা থাকিবার তাহা থাকিবে, যাহা ভাঙ্গিবার তাহা আমাদের চরণাঘাতে ভাঙ্গিয়া পড়িবেই। দুর্যোগ রাতের নীরন্ধ অন্ধকার ভেদ করিয়া বিচ্ছুরিত হইক আমাদের প্রাণ-প্রদীপ্তি ! সকল বাধা-নিষেধের শিখর-দেশে স্থাপিত আমাদের উদ্ধত বিজয়-পতাকা। প্রাণের প্রাচুর্যে আমরা যেন সকল সঙ্কীর্ণতাকে পায়ে দলিয়া চলিয়া যাইতে পারি।' [পূর্বোক্ত]

গণমুখী ও জীবনমুখী জীবনদর্শনের কবি

আজকাল গণমুখী শব্দটি বেশ বাহবা পাচ্ছে। এমনকি সরকারি প্রশাসন যন্ত্রও এখন Pro-people বা গণমুখী হতে নানাবিধ কসরৎ করছে। বলা হচ্ছে গণমুখী প্রশাসন, জনবান্ধব পুলি চাই আমরা। কাজী নজরুল ইসলাম সেই বৃটিশ আমলেই শিল্পসাহিত্যের ফতোয়ার তোয়াক্কা না করে নিজেকে গণমানুষের কবি-কর্মী হিসেবে গড়ে তুলেছিলেন শতভাগ সাফল্যে ও সার্থকতায়। এটি তিনি করেছিলেন সচেতনভাবেই। কারণ এটা ছিল তাঁর জীবনদর্শনের মূল ভিত্তি। তিপিন বলেছিলেন,

“আমি উঁচু বেদীর উপর সোনার সিংহাসনে বসে কবিতা লিখিনি। যাদের মুক মনের কথাকে আমি ছন্দ দিতে চেয়েছি, মালকোচা মেরে সেই তলার মানুষের কাছে নেমে গেছি। দাদারে বলে দুবাহু মেলে তারা আমায় আলিঙ্গন দিয়েছেন। আমি তাদের পেয়েছি---তারা আমায় পেয়েছে।’’

নজরুল সকল শ্রেণির মানুযষের সঙ্গে অন্তরঙ্গভাবে মিশেছেন এবং তাদের একজন হয়ে কাজ করেছেন সাহিত্য রচনা করেছেন, সংগীত রচনা করেছেন। তাঁর সাহিত্য সংগীত হয়ে উঠেছে কৃষক, জেলে , কামার , কুমার, তাঁতি, মজুর, শিল্পশ্রমিক, নারী, পুরুষ, হরিজন, দলিত, সাঁওতাল , বেদে, সকলের উপভোগের ও অংশগ্রহণের সৃষ্টি। তিনি সমাজে অবহেলিত, নিপীড়িত, পিছিয়ে পড়া সকল শ্রেণির মানুষের পক্ষে শক্তহাতে কলম ধরেছেন এবং প্রতিটি ক্ষেত্রেই সোনা ফলেছে। অবজ্ঞার তাপে যাদের জীবন ছিল শুষ্ক মরুভূমি, তাদের জীবনকে তিনি রসে পূর্ণ করে দিয়েছেন। তিনি মাটির কাছাকাছি থেকেছেন, জীবনে জীবন যোগ করেছেন এবং কথা ওকাজে সত্য আত্মীয়তা অর্জন করেছেন। তাঁর মাঝেই পূর্ণ হয়েছে রবীন্দ্রনাথের ‘ ঐকতান’ কবিতার প্রার্থনা । তিনি শিল্পের জন্য শিল্প এই তত্ত্ব সম্পর্কে ওয়াকিফহাল থেকেও জীবনের জন্য শিল্প এই শিল্পদর্শনকে হেরে যেতে দেননি। সেটা লক্ষ করে জীবনানন্দদাশ বলেছেন:

‘বাংলার এ মাটির থেকে জেগে, এ মৃত্তিকাকে সত্যিই ভালোবেসে আমাদের দেশে উনিশ শতকের ইতিহাস প্রান্তিক শেষ নিঃসংশয়তাবাদী কবি নজরুল ইসলাম। তাঁর জনপ্রেম, দেশপ্রেম পূর্বোক্ত শতাব্দীর বৃহৎ ধারার সঙ্গে সত্যিই একাত্ম। পরবর্তী কবিরা এ সৌভাগ্য থেকে অনেকটা বঞ্চিত বলে আজ পর্যন্ত নজরুলকেই সত্যিকারের দেশ ও দেশীয়দের বন্ধু কবি বলে জনসাধারণ মেনে নেবে। জন ও জনতার বন্ধু ও দেশপ্রেমিক কবি নজরুল। এ জিনিসের বিশেষ তাৎপর্যের দিকে লক্ষ্য রেখে বলতে পারা যায় যে, যে সময়ে ও যেখানে জনমানস তার প্রার্থিত জিনিস পেয়েছে বলে মনে করে, সেখানে বাস্তবিকই তা অদ্বিতীয় ।’

সত্যসুন্দরের পক্ষে আপসহীন সংগ্রামী জীবনদর্শনের কবি

তিনি পরাধীনতার শৃঙ্খল মুক্তির জন্য সংগ্রাম করেছেন। বারবার জেল খেটেছেন। কিন্তু আপোষ করেননি। নারীদের মুক্তির জন্য সংগ্রাম করেছেন। তিনি কৃষকের মুক্তির জন্য সংগ্রাম করেছেন। তিনি পরাধীনতাবিরোধী, শোষণ-নিপীড়নবিরোধী এবং নারী-মুক্তির লক্ষ্যে আয়োজিত বিভিন্ন সভা-সমিতিতে যোগদান করে নিজকণ্ঠে অগ্নিঝরা গান গেয়ে--বক্তৃতা দিয়ে মুক্তির অগ্নীবীণা বাজিয়েছেন। তিনি সাধারণ মানুষের সাথে মিশে সাধারণ মানুষের হয়ে অসাধারণ জীবন যাপন করেছেন। রবীন্দ্রনাথের জীবনদর্শন ছিল নির্বিবাদ নিরীহ ও শান্তিপূর্ণ জীবন যাপন। তিনি বলেছেন:

‘এ ধরার মাঝে তুলিয়া নিনাদ
চাহি নে করিতে বাদ প্রতিবাদ,
যে ক’দিন আছি মানসের সাধ
মিটাব আপন মনে;
যার যাহা আছে তার থাক্‌ তাই,

কারো অধিকারে যেতে নাহি চাই,
শান্তিতে যদি থাকিবারে পাই
একটি নিভৃত কোণে!’
[পুরস্কার / রবীন্দ্রনাথ ঠাকুর]

কিন্তু রবীন্দ্রভক্ত হয়েও জন্মসংগ্রামী নজরুল নিভৃত জীবন যাপনে রাজি নন। তিনি কবিজীবনের শুরুতেই তাঁর সর্বাধিক বিখ্যাত ‘বিদ্রোহী’ কবিতায় বলেছেন, যখন উৎপীড়িতের ক্রোন্দন-রোলে বিদীর্ণ হবে না আকাশ-বাতাস, যেদিন অত্যাচারীর খড়গ-কৃপাণ আর ঝনঝন করবে না অন্যায় যুদ্ধের মাঠে, কেবল সেদিন থামবে তাঁর বিদ্রোহী সংগ্রাম ও অভিযান। তার আগে কোনো নিভৃতচারীর জীবনযাপন তাঁর নয়। তিনি সকল প্রকার সাম্রাজ্যবাদ, শোষণ ও নিপীড়নের বিরুদ্ধে, কুসংস্কার ও কুপ্রথার বিরুদ্ধে পৃথিবীর সবচেয়ে প্রবল কবিকণ্ঠ। তিনি সকল প্রকার অন্যায় যুদ্ধের বিরোধী এবং সেজন্যই বিশ্বকে ‘নিঃক্ষত্রিয়’ করতে চেয়েছেন। তিনি অন্যায়কারী ‘ভগবান’দের বুকে পদচিহ্ন এঁকে দেয়ার সক্ষমতা ও সংকল্প ব্যক্ত করেছেন। আর পৃথিবীর বুক থেকে অত্যাচার, অন্যায়, অবিচার, শোষণ, নিপীড়ন চিরতরে শেষ না হওয়া পর্যন্ত সংগ্রাম চলিয়ে যাওয়ার দৃঢ় সংকল্প ঘোষণা করেছেন। কবিতার মতোই তিনি প্রবন্ধেও একই ধরনের সংকল্প ব্যক্ত করেছেন: ‘ আমি আমার পৃথ্বিমাতার অঙ্গ-প্রত্যঙ্গের দিকে, বাঙ্গালার দিকে, ভারতের দিকে চেয়ে দেখলাম, দৈন্যে, দারিদ্রে, অভাবে, অসুরের পীড়নে তিনি জর্জরিত হয়ে গেছেন।   তাঁর মুখে চোখে আনন্দ নেই, দেহে শক্তি নেই, অঙ্গ-প্রত্যঙ্গ দৈত্য-দানব রাক্ষসের নির্যাতনে ক্ষত-বিক্ষত। আমি উচ্চৈঃস্বরে চিৎকার করে বললাম, আমি ব্রহ্ম চাই না, আল্লা চাই না, ভগবান চাই না। এইসব নামের যদি কেউ থাকেন তিনি নিজে এসে দেখা দেবেন। আমার বিপুল কর্ম আছে, আমার অপার অসীম এই ধরত্রী-মাতার ঋণ আছে । আমার বন্দিনী মাকে এ্ অসুরের অত্যাচার থেকে উদ্ধার করে আবার পূর্ণশ্রী-সুন্দর আনন্দ-সুন্দর না করা পর্যন্ত আমার মুক্তিনেই, আমার শান্তি নেই। ’[আমার সুন্দর / কাজী নজরুল ইসলাম]

নজরুল সততা ও লোভহীনতার মূর্ত প্রতীক। তিনি বরাবরই দারিদ্রকবলিত মানুষ ছিলেন। তিনি ইচ্ছা করলে বৃটিশ সরকাপরেরসাথে একটু মানিয়ে চলে সচ্ছল ও স্বাচ্ছন্দ্যময় জীবন যাপন করতে পারতেন। কিন্তু তিনি বৃহত্তর মানবগোষ্ঠীর মুক্তির জন্য অপোসহীন থেকেছেন, লড়াই করে গেছেন। লোভ, রাষ্ট্রীয় ক্ষমতা ও ভয়ের কাছে বিকিয়ে যান কত প্রতিভা: ‘মগজ বিকিয়ে দিয়ে পরিতৃপ্ত পন্ডিতসমাজ।’ (সোনালি কাবিন / আল মাহমুদ)। কিন্তু নজরুলকে কোনও আর্থিক লোভ, পুরস্কারের হাতছানি, পদমার্যাদার মোহ কিংবা জেল-জুলুমের ভয় আদর্শচ্যুত করতে পারেনি। গ্রেট ক্যালকাটা কিলিংয়ের সময় যখন বড়বড় কবি সাহিত্যেকরা সুচতুরভাবে চুপ থেকে সাম্প্রতিক হত্যাকান্ডের বিষয়ে মৌনতা অবলম্বন করেছেন, তখন তিনি সাম্প্রদায়িক সম্প্রীতি ফিরিয়ে অনতে মাঠে নেমে কাজ করেছেন। সাম্প্রদায়িক দাঙ্গাহাঙ্গামাবিরোধী গান গেয়েছেন মহল্লার মহল্লায়।‘দুর্গম গিরি কান্তার-মরু দুস্তর পারাবার’ কবিতা বা গান সেভাবেই সৃষ্টি হয়েছে। তিনি কৃষক-সম্মেলন, নারী-সম্মেলন, ছাত্র-সম্মেলনে সশরীরে শরীক হয়েছেন। রবীন্দ্রনাথ বলেছিলেন ‘জীবনে জীবন যোগ করা/ না হলে বৃথা পণ্যে ব্যর্থ হয় গানের পশরা।’ নজরুল জীবনে জীবন যোগ করেছেন, ‘কর্মে ও কথায় সত্য আত্মীয়তা’ অর্জন করেছেন। তাঁর কবিতা গান-গল্প-অভিভাষণ মহৎ মানবতাবাদী সৃষ্টিকর্মের উজ্জ্বলতম দৃষ্টান্ত । তিনি ব্যক্তি হিসেবে তাঁর সৃষ্টির চেয়েও মহৎ। তাঁর সৃষ্টিকর্মে ভুলত্রুটি আবিস্কার করা অসম্ভব নয়; কিন্তু ব্যক্তি নজরুল সকল লোভ- লালসা, ভয়-ভীতি ও সাম্প্রদায়িকতা-সংকীর্ণতার উর্ধ্বে ছিলেন। নজরুল পূর্ণ মানবতার প্রতীক পূর্ণ বাঙালিত্বের প্রতীক। রবীন্দ্রনাথের কবিতা ধার করে বলা যায়: ‘তোমার কীর্তির চেয়ে তুমি যে মহৎ/তাই তব জীবনের রথ/পশ্চাতে ফেলিয়া যায় কীর্তিরে তোমার/বারম্বার।’

সাম্যবাদী ও সম্প্রীতিমূলক জীবন দর্শনের কবি

তিনি ছোটকাল থেকেই জেনেছিলেন এবং বিশ্বাস করেছিলেন যে দুনিয়ার সকল মানুষই এক ও অভিন্ন। আজকাল পুঁজিবাদী অর্থনীবিদগণ এবং পুঁজিবাদী রাষ্ট্রগুলো সবার জন্য উন্নয়ন বা Inclusive Development এর কথা বলেন। আর নজরুল বলেছেন Inclusive World এর কথা। এবং সেও কত আগে! তিনি লেটোগান রচনার কালেই এই জীবনদর্শন লাভ করেন: " ওরে ওরে মানুষে মানুষে ভেদ নাই / বাবা আদম আর মা হাওয়া হতে সৃজন যে সবাই।'' তিনি একই গানে আরও বলেছেন যে বিশ্বের সকল প্রাণী, কীটপতঙ্গ ও উদ্ভিদ সবার উৎস এক এবং এই পৃথিবী সমানভাবে সবার। বড় হয়ে ' সাম্যবাদী' কবিতায় বলেছেন,

গাহি সাম্যের গান-
যেখানে আসিয়া এক হয়ে গেছে সববাধা-ব্যবধান
যেখানে মিশেছে হিন্দু-বৌদ্ধ-মুসলিম-ক্রীশ্চান।
গাহি সাম্যের গান!
কে তুমি?- পার্সী? জৈন? ইহুদী?সাঁতাল, ভীল গারো?
কনফুসিয়াস? চার্বাক চেলা? বলে যাও, বলো আরো!
বন্ধু যা-খুশি হও,
পেটে পিঠে কাঁধে মগজে যা-খুশি পুঁথি ও কেতাব বও,
কোরান-পুরাণ-বেদ-বেদান্ত-বাইবেল-ত্রিপিটক-
জেন্দাবেস্তা-গ্রন্থসাহেব পড়ে যাও যতসখ-
কিন্তু কেন এ পন্ডশ্রম, মগজে হানিছ শুল?
দোকানে কেন এ দর কষাকষি?-পথে ফুটে তাজা ফুল!
তোমাতে রয়েছে সকল কেতাব সকল কালের জ্ঞান
সকল শাস্ত্র খুঁজে পাবে সখা, খুলে দেখ নিজ প্রাণ!
[সাম্যবাদী, সাম্যবাদী]

কিন্তু যখনই শান্তিপূর্ণ-প্রেমময় পৃথিবীর স্থানে বৈষম্যমূলক পৃথিবীর ছবি দেখেছেন, তখনই গভীর বেদনায় সোচ্চার হয়ে উঠেছে তাঁর কলম। তিনি বলেছেন, "হিন্দু-মুসলমানে দিনরাত হানাহানি, জাতিতে জাতিতে বিদ্বেষ, যুদ্ধ-বিগ্রহ। মানুষের জীবনে এক দিকে কঠোর দারিদ্র-ঋণ-অভাব; অন্যদিকে লোভী অসুরের ব্যাংকে কোটি কোটি টাকা পাষাণ স্তুপের মত জমা হয়ে আছে। এ অসাম্য ভেদজ্ঞান দূর করতেই আমি এসেছিলাম। আমার কাব্যে সংগীতে কর্মজীবনে অভেদ ও সুন্দর সাম্যকে প্রতিষ্ঠিত করেছিলাম।আমি যশ চাই না, খ্যাতি চাই না, প্রতিষ্ঠা চাই না, নেতৃত্ব চাই না। জীবন আমার যত দুঃখময়ই হোক, আনন্দের গান- বেদনার গান গেয়ে যাব আমি। দিয়ে যাব নিজেকে নিঃশেষ করে সকলের মাঝে বিলিয়ে। সকলের বাঁচার মাঝে থাকবো আমি বেঁচে। এই আমার ব্রত, এই আমার সাধনা, এই আমার তপস্যা।.....বিশ্বাস করুন, আমি কবি হতে আসি নি। আমি নেতা হতে আসি নি। আমি প্রেম দিতে এসেছিলাম, প্রেম পেতে এসেছিলাম।"

যুগ যুগ ধরে পুরুষতান্ত্রিকতার শেকলে বন্দী, নিপীড়িত, নিষ্পেষিত ও শোষিত মানবজাতির অর্ধেকাংশ। তারা নারী। নজরুল ব্যক্তিজীবনে এবং সৃজনশীল জীবনে পুরুষ ও নারীর সমান অধিকার, সমমর্যাদা ও প্রীতিময় সম্পর্কে ও অবস্থানে বিশ্বাস করেছেন এবং তা প্রতিষ্ঠার জন্য তাঁর সাম্যবাদী কলমকে শানিতভাবে ব্যবহার করেছেন। তাঁর কবিতা, গান, অভিভাষণ, প্রবন্ধ , কথাশিল্পী সবকিছুই নরনারীর সমতাভিত্তিক সহাবস্থানের প্রবল কণ্ঠ হয়ে উঠেছে যার তুলনা অন্য কোনো কবির সৃষ্টিতে পাওয়া যায় না। তিনি একদিকে বিশ্বসভ্যতায় ও তার অগ্রগতিতে নারীর অবদানকে হাইলাইট করে তুলে ধরেছেন, পরুষদের মনোভাব পরিবর্তনে প্রেরণা ও

আঘাত দিয়েছেন , অন্যদিকে নারীদেরও পুরুষতন্ত্রের শেকল ভেঙে বের হয়ে আসার অগ্নিমন্ত্র দান করেছেন। তাঁর ‘ নারী’, ‘ বারাঙ্গনা’ প্রভৃতি কবিতা এবং ‘জাগো নারী জাগো বহ্নিশিখা’ সহ আরও অনেক গান আজও নারীজাগরণের মন্ত্র হিসেবে উচ্চারিত হচ্ছে।

বিশ্বমানবীয় জীবন দর্শনের কবি

কাজী নজরুল ইসলাম মনেপ্রাণে বিশ্বাসে জীবন যাপনে বিশ্বনাগরিক। তিনি কোনো ধরনের কৃত্রিম ভেদাভেদে বিশ্বাস করতেন না। তিনি বিশ্বমানুষের ও বিশ্বমানবতাবাদের সবচেয়ে বলিষ্ঠ ও সবচেয়ে সোচ্চারকণ্ঠ কবি। সাহিত্যে-সংগীতে-প্রবেন্ধ-নাটকে-উপন্যাসে-অভিভাষণে তিনি সমগ্র মানবজাতির ঐক্যের অগ্রদূত। তিনি একজন ষোল আনা বিশ্বনাগরিক এবং তা প্রকৃত অর্থে। তিনি বলেছেন: “তিনি এক অভিভাষণে বলেছেন ‘এই দেশে এই সমাজে জন্মেছি বলে শুধু এই দেশেরই এই সমাজেরই নই। আমি সকল দেশের সকল সমাজের। সুন্দরের ধ্যান, তাঁর স্তবগানই আমার উপাসনা আমার সাধনা। যে কূলে, যে সমাজে, যে ধর্মে, যে দেশেই জন্মগ্রহণ করি, সে আমার দৈব। আমি তাকে ছাড়িয়ে উঠতে পেরেছি বলেই আমি কবি।” আপন দেশ জাতি এবং একই সাথে বিশ্বমানুষের প্রতি এমন দায়বদ্ধ কবি পৃথিবীতে এখন পর্যন্ত আর জন্মগ্রহণ করেননি। তিনি কবিতায় উদার মানবিকতাবাদ ও সর্বমানবতাবাদের জয়গান রচেছেন। তিনি হিন্দু-বৌদ্ধ-মুসলিম-খৃস্টান-পারসিক-অগ্নি উপাসক-ইহুদী-নৃতাত্ত্বিক উপজাতি সকল মানুষকে একই মানুষ হিসেবে দেখেছেন এবং সবার মহামিলনের অভিন্ন মোহনা রচেছেন।

স্বাধীন জীবন দর্শনের কবি ও মানুষ

কাজী নজরুল ইসলাম জন্মেছিলেন একটি পরাধীন দেশে। কিন্তু তিনি ছিলেন স্বাধীন মানুষ। তাঁকে বলা হয় পরাধীন দেশের স্বাধীন কবি। তিনি মানুষের রাজনৈতিক স্বাধীনতা, অর্থনৈতিক স্বাধীনতা, বুদ্ধিবৃত্তিক স্বাধীনতা ও আত্মিক স্বাধীনতার অগ্রদূত। সকল প্রকালের অন্ধবিশ্বাস, কুসংস্কার, অপশাসন, শোষণ, অজ্ঞানতা, জরা, যৌবনহীনতা ও অলীক ভয়ভীতি থেকে করা ছিল তাঁর জীবনের প্রধান ব্রত। সাহিত্য-সংগীত রচনার ক্ষেত্রেও তিনি বেড়াভাঙা ও বাঁধভাঙা মনের পরিচয় দিয়েছেন।

(ক) রাজনৈতিক স্বাধীনতা:

কাজী নজরুল ইসলাম এবং স্বাধীনতা এই শব্দ দুটি প্রায় সমার্থক। কংগ্রেস নয়, মুসলিম নয় অথব ানয় কোনো কম্যুনিস্ট পার্টি, কবি কাজী নজরুল ইসলামই সর্বপ্রথম ভারতবর্ষের পূর্ণ রাজনৈতিকস্বাধীনতা দাবি করেন জোরেসারে এবং পরিস্কার ভাষায়। তাঁর হসরত মোহানী একজন উর্দু কবি একবার স্বাধীনতা কথা বলেছিলেন কিন্তু সেটা তেমন জোরালো ছিল না , সংগঠিত ছিল না। সেটা ছিল অনেকটাই বন্দুক পাওয়ার জন্য রাইফেল দাবি করার মতো। এবং সেই দাবিতে অনড় থেকে তিনি আর কোনো কথা বলেননি অথবা সেই দাবির পুনরাবৃত্তিকরেননি। কিন্তু নজরুল বৃটিশদের হাত থেকে ভারতবর্ষতকে স্বাধীন করার জন্য প্রবলভাবে সোচ্চার ও সক্রিয় ছিলেন যার সাথে অন্য কারো তুলনা চলে না। সেজন্য কবি শামসুর রাহমান তাঁর সুবিখ্যাত ‘ স্বাধীনতা তুমি ‘ কবিতায় স্বাধীনতা এবং নজরুল ইসলামকে সমার্থক ব্যঞ্জনায় তুলিত করেছেন:

‘স্বাধীনতা তুমি
কাজী নজরুল ঝাঁকড়া চুলের বাবরি দোলানো
মহান পুরুষ, সৃষ্টিসুখের উল্লাসে কাঁপা-’

কাজী নজরুল ইসলাম পরাধীন ভারতবর্ষের স্বাধীনতার পক্ষে কবিতা রচেছেন , সংবাদপত্রে সম্পাদকীয় লিখেছেন এবং জেলজুলুম ভোগ করেছেন। তিনি বলেছেন:‘ সর্বপ্রথম, ‘ধূমকেতু’ভারতের পূর্ণ স্বাধীনতা চায়। স্বরাজ-টরাজ বুঝি না, কেননা, ও-কথাটার মানে এক এক মহারথি এক এক রকম করে থাকেন। ভারতবর্ষের এক পরমাণু অংশও বিদেশির অধীন থাকবে না। ভারতবর্ষের সম্পূর্ণ দায়িত্ব, সম্পূরণ স্বাধীনতা-রক্ষা,

শাসনভার, সমস্ত থাকবে ভারতীয়ের হাতে। তাতে কোনো বিদেশির মোড়লি করবার অধিকারটুকু পর্যন্ত থাকবে না।’

কেবল সংবাদপত্রের সম্পাদকীয়তেই নয়, তিনি কবিতায় স্বাধীনতার কথা বলেছেন ভয়ংকর সুন্দর ভাষায়।

‘বুকের ভিতর ছ-পাই ন-পাই, মুখে বলিস্ স্বরাজ চাই,
স্বরাজ কথার মানে তোদের ক্রমেই হচ্ছে দরাজ তাই!
'ভারত হবে ভারতবাসীর'- এই কথাঁটাও বলতে ভয়।
এদের তোরা বলিস নেতা, এদের কথায় চলতে হয়।

বল রে তোরা বল নবীন-
চাই নে এসব জ্ঞান প্রবীণ।
চোখের সামনে দেশকে এরা করছে ক্লীব দিনকে দিন,
চায় না এরা- হই স্বাধীন।

আমরা জানি সোজা কথা, পূর্ণ স্বাধীন করব দেশ!
এই দুলালুম বিজয়-নিশান, মরতে আছি- মরব শেষ!’
(বিদ্রোহী বাণী /বিষের বাঁশী)

রতনে রতন চেনে। বাঙালি জাতির একমাত্র স্বাধীন রাষ্ট্র বাংলাদেশের স্বাধীনতার স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি হিসেবে স্বীকৃত যিনি আন্দোলন সংগ্রামের মাধ্যমে হাজার বছরের লাখো বছরের বাঙালি জাতিকে প্রথমবারের মতো একটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্রের অধিকারী হতে সফল ভূমিকা পালন করেন। তিনি বলেছেন:

‘নজরুল বাংলার বিদ্রোহী আত্মা ও বাঙালির স্বাধীন ঐতিহাসিক সত্তার রূপকার। বাংলার শেষ রাতের ঘনান্ধকারে নিশীথ নিশ্চিত নিদ্রায় বিপ্লবের রক্তনালীর মধ্যে বাংলার তরুণরা শুনেছে বিধাতার অট্টহাসি, কালভৈরবের ভয়াল গর্জন—নজরুলের জীবনে, কাব্যে, কণ্ঠে। প্রচণ্ড সামুদ্রিক জলোচ্ছ্বাসের মত, লেলিহান অগ্নিশিখার মত, পরাধীন জাতীর তিমির ঘন অন্ধকারে বিশ্ববিধাতা নজরুলকে এক স্বতন্ত্র ছাঁচে গড়ে পাঠিয়েছিলেন এই ধরার ধুলায়। ... সাম্রাজ্যবাদ, সাম্প্রদায়িকতা ও পরাধীনতার বিরুদ্ধে নজরুলের অগ্নিমন্ত্র বাঙালি চিত্তে জাগিয়েছিল মরণজয়ী প্রেরণা—আত্মশক্তিতে উদ্বুদ্ধ হওয়ার সুকঠিন সংকল্প।’

(খ) কুসংস্কার থেকে মুক্তি

কাজী নজরুল ইসলাম জন্মেছিলেন নানাবিধ কুসংস্কার, অন্ধবিশ্বাস আর কুপ্রথায় আকীর্ণ ও আবদ্ধ একটি ভূগোলে ও সময়ে। তিনি জেনেছিলেন এসকল অন্ধত্ব থেকে মানুষকে মুক্ত করতে হবে যাতে করে তার আত্মিক মুক্তি ঘটে। তিনি সকল ধর্মীয় কুসংস্কারেরবিপক্ষে অবস্থান গ্রহণ করেন এবং মানুষকে সংস্কারের বেড়াজাল ভেঙে বের হয়ে আসতে প্রেরণা ও প্ররোচনা দান করেন।

সংস্কারের জগদ্দল পাষাণ
তুলিয়া বিশ্বে আমরা করেচি ত্রাণ।
সর্ব আচার-বিচার-পঙ্ক হতে
তুলিয়া জগতে এনেছি মুক্ত স্রোতে।
অচলায়তনের বাতায়ন খুলি – প্রাণ
এনেছি, গেয়েছি নব-আলোকের গান।
[বিংশ শতাব্দী / প্রলয়-শিখা]

(গ) আত্মিক স্বাধীনতা

নজরুল বিশ্বাস রেতেন, মানুষে অপরিসীম শক্তির আধার। কিন্তু সে নিজেকে চেনে না। ফলে নিজেকে দুর্বল জ্ঞানে নানারকম কুসংস্কার, অন্ধবিশ্বাস ও দখলদার শক্তির কাছে নতি স্বীকার করে দিন কাটায়। তিনি তাঁর 'বিদ্রোহী' কবিতায় ব্যক্তির আত্মিক শক্তির উদ্বোধন ঘটিয়েছেন এবং তাকে মনেপ্রাণে স্বাধীন সত্তা হিসেবে চিনতে সহায়তা করেছেন। তিনি বলেছেন: " আমি সহসা আমারে চিনেছি আমার খুলিয়া গিয়াছে সব বাধ।" অনরূপভাবে ' মোরা সবাই স্বাধীন মোরা সবাই রাজা' প্রবন্ধে বলেছেন: ' একবার শির উঁচু করে বলো দেখি বীর, 'মোরা সবাই স্বাধীন, সবাই রাজা!' দেখবে অমনি তোমার পূর্ব-পুরুষের রক্ত-মজ্জা-অস্থি দিয়ে গড়া রক্ত-দেউল তাসের ঘরের মতো টুটে পড়েছে, তোমার চোখের সাত-পুরু-করে বাঁধা পর্দা খুলে গেছে, তিমির রাত্রি দিক-চক্রবালের আড়ালে গিয়ে লুকিয়েছে। তোমার হাতে-পায়ে গর্দানে বাঁধা শিকলে প্রচন্ড মোচড় দিয়ে বলো দেখি বীর – 'মোরা সবাই স্বাধীন, সবাই রাজা!' দেখবে অমনি তোমার সকল শিকল সকল বাঁধন টুটে খান খান হয়ে গেছে।'

জাগো অচেতন, জাগো! আত্মাকে চেনো! যে মিথ্যুক তোমার পথে এসে দাঁড়ায়, পিষে দিয়ে যাও তাকে, দেখবে তোমারই পতাকা-তলে বিশ্ব শির লোটাচ্ছে। তোমারই আদর্শে জগৎ অধীনতার বাঁধন কেটে মুক্ত উদার আকাশতলে এক পঙক্তিতে এসে দাঁড়িয়েছে।' কবি মুহম্মদ নূরুল হুদা যথার্থই বলেছেন: 'বাংলার জয় হোক'-- এই নজরুলীয় আশাবাদকে জনতা জাতীয় স্লোগানে রূপান্তরিত করে সমুদ্র-নিনাদে উচ্চারণ করেছিলো: 'জয় বাংলা'। তাই তো একাত্তরের বাঙালি বিজয়ী বাঙালি। আর বিজয়ী বাঙালি মানেই নজরুলের মন্ত্রে দীক্ষিত বাঙালি। নজরুল বাংলার জাতীয় কবি এই কারণেই নয় যে, তিনি বাংলার বা বাংলা ভাষার সবচেয়ে বড় কবি। বরং এই কারণেই যে বাঙালিকে ব্যক্তি ও জাতিগত পর্যায়ে আত্মশক্তিতে উদ্বুদ্ধ করে চিরবিজয়ী বীর বাঙালিতে পরিণত করার দীক্ষা দিয়েছিলেন একমাত্র তিনিই, যিনি পরাধীন ভূ-ভারতে স্বয়ংশাসিত স্বাধীন নাগরিক। মানবিক, ব্যক্তিক ও সামষ্টিক পর্যায়ে সারা বিশ্বে মানবিক স্বাধীনতার এক শ্রেষ্ঠ ঘোষক কাজী নজরুল এভাবেই তাঁর স্বজাতিকে জাতিসত্তায় উন্মোচিত করে তাকে স্বয়ংশাসিত হওয়ার পথ দেখিছিলেন। তিনি স্বাধীনতার স্বপ্নদ্রষ্টা ও স্বাধীনতা যুদ্ধের আদি নকশার স্রষ্টা।'

ব্যক্তির আত্মশক্তির অপরিমেয়তায় বিশ্বাসী এবং তার উদ্বোধনের অগ্রদূত কবি

কাজী নজরুল ইসলাম মানুষের অপিরমেয় ও অনিঃশেষ শক্তিতে বিশ্বাসী ছিলেন। তিনি বিশ্বাস করতেন যে মানুষ যদি একবার আত্ববিশ্বাসী হয়ে ওঠে এবং তার আত্মশক্তির সন্ধান পায়. তেব সেই মানুষকে কোনো অশুভ শক্তি আটকিয়ে রাখতে পারে না। নজরুলের 'বিদ্রোহী' কবিতা যতখানি রাজশক্তির বিরুদ্ধে উচ্চারিত, তারচেয়ে অনেক বেশি মানুষের বহুমুখী দাসত্বের বিরুদ্ধে প্ররোচনা ও প্রেরণা। যেসকল প্রাকৃতিক ও অতিপ্রাকৃতিক শক্তিকে ভয় পেয়ে এসেছে মানুষ এবং এখনও অনেক মানুষ সেই ভয় পায়, নজরুল সেকল ভূয়াশক্তির বিরুদ্ধে মানুষকে ঘুরে দাঁড়ানোর মন্ত্র দিয়েছেন 'বিদ্রোহী' কবিতায়। নজরুল বিশ্টবাস করতেন, যখন ব্যক্তিমানুষ তার ভেতরের সুপ্তশক্তির সন্ধান পাবে এবং তার উদ্বোধন ঘটাবে, তখন বিশ্বের অন্যান্য সকল শক্তি তার কাছে হার মানতে বাধ্য হবে। আত্মশক্তিতে বলীয়ান , বিশ্বাসী ও সক্রিয়তার সচেতন কোনো মানুষকে অন্ধবিশ্বাস, অতিপ্রাকৃত শক্তিতে বিশ্বাস, কুসংস্কার, সামাজিক কুপ্রথা অনুগত করে রাখতে পারে না। যখন মানুষ আত্মশক্তির উদ্বোধন ঘটাতে পারবে , তখন সে দেখতে পাবে তাপর শক্তি অনেক অনেকবেশি এবং লাফ দিয়ে প্রবল বিশ্বাসে বলে উঠবে: 'আমি সহসা আমারে চিনিছি আমার খুলিয়া গিয়াছে সব বাধ।' নজরুল ভারতীয় উপমহাদশের মানুষকে নিজেদের অভ্যন্তরস্থ সুপ্তশক্তির সন্ধান দিয়েছেন এবং তাদেরকে সেইশক্তির উন্মোচন ঘটিয়ে শক্তিমান প্রাণময় মানুষে উন্নীত হওয়ার প্রেরণা দিয়েছেন যাতে করে তারা সকল ভীরুতা এবং অন্ধবিশ্বাসনির্ভর অতিপ্রাকৃতশক্তির ওপর অকার্যকর নির্ভরশীলতা কাটিয়ে উঠে নিজেরাই নিজেই ভাগ্যনিয়ন্তা হয়ে উঠতে পারে। বিষয়টি লক্ষ করে বিজ্ঞানী ও দার্শনিক আচার্য্য প্রফুল্লচন্দ্র রায় বলেছেন: 'আমরা আগামী সংগ্রামে কবি নজরুলের সঙ্গীত কণ্ঠে ধারণ করিয়া শ্রীমান সুভাষের মতো তরুণ নেতাদের অনুসরণ করব। ফরাসী বিপ্লবের সময়কার কথা একখানি বইতে সেদিন পড়েছিলাম। তাহাতে লেখা দেখিলাম সে সময় প্রত্যেক মানুষ অতি মানুষে পরিণত হইয়াছিলেন। আমার বিশ্বাস, নজরুল

ইসলামের কবিতাপাঠে আমাদের ভাবী বংশধরেরা এক একটি অতি মানুষে পরিণত হইবে।' পরবর্তীকালের বীরবাঙালিদের প্রেরণা ও শক্তির মূল উৎস নজরুল যার প্রমাণ পাওয়া গিয়েছে বাংলাদেশর মুক্তিযুদ্ধ চলাকালীন নজরুলের অগ্নিঝরা কবিতাগানের ভূমিকায়।

অনন্য সৌন্দর্যচেতনাভিত্তিক জীবনদর্শন

প্রত্যেক মহত শিল্পী-সাহিত্যিকেরই শিল্পবোধ বা সৌন্দর্যচেতনা থাকে। অধিকাংশ ক্ষেত্রেই তা হয় প্রচলিত শিল্পদর্শন ও সৌন্দর্যদর্শনের অনুসারী। কিন্তু নজরুল ছিলেন ভিন্ন ধাতুতে গড়া। তাঁর সৌন্দর্যচেতনা ছিল অনন্য ও অভূবপূর্বসুন্দর। তিনি ছিলেন আধুনিকদের চেয়েও আধুনিক, প্রগতিশীলদের চেয়েও প্রগতিশীল এবং মহতদের চেয়ে মহত্তর। পাপ, পুণ্য, হালাল, হারাম, সুন্দর, অসুন্দর, সাধু, বারাঙ্গনা, সতী, অসতী, শৈল্পিক, অশৈল্পিক ইত্যাদি বিষয়ে তাঁর নিজস্ব দৃষ্টি ও দর্শন ছিল। তিনি অন্যান্য কবি-সাহিত্যিক-অর্টিস্টের মতো নারীর শারীরিক সৌন্দর্যকে বড় করে দেখেননি। তাঁর সাহিত্যে সংগীতে নারীর শারীরিক সৌন্দর্যের স্তুতিগাথা অনুপস্থিত। তিনি নারীর বিকশিত ব্যক্তিত্ব ও গুণাবালীকে বড় করে দেখেছেন যা পুরুষতান্ত্রিক দৃষ্টিভঙ্গির সম্পূর্ণ বিপরীত। তিনি কোনো বিশ্বসুন্দরী ধরনের নারীর প্রশংসা করে কবিতা লেখেননি; লিখেছেন বহু গুণের অধিকারী প্রবল প্রতাপশালী সম্রাজ্ঞী নুরজাহান, গোলকুন্ডার শাসনকর্ত্রী চাঁদ সুলতানা, তাজমহলের আড়ালের প্রভাবশালী নারী মমতাজ, বাঙালি কীর্তমান নারী শামসুন্নাহার, এদর নিয়ে। তিনি বারাঙ্গনা নারীকে মা বলে সম্বোধন করেছেন, তিনি বৈষম্যমূলক অসতী নারী ধারণাটিকে বাতিল করে দিয়েছেন। প্রেম করা 'পাপ' অথবা 'ব্যভিচার' ইত্যাদি ধারণার মূলে কুঠারাঘাত করে তিনি লিখেছেন 'জীবনে যাহারা বাঁচিল না' 'পাপ' প্রভৃতি কবিতা। 'পাপ' কবিতায় নজরুলের ভাবনা আধুনিকতার শিখর স্পর্শ করেছে। তিনি এ কবিতায় বলেছেন যে-- পৃথিবী তথাকথিত পাপেরই জায়গা 'পাপস্থান'। তিনি বলেছেন 'সাম্যের গান গাই/ যত পাপী তাপী সব মোর বোন, সব হয় মোর ভাই।' তিনি বলেছেন 'বিশ্ব পাপস্থান/ অর্ধেক এর ভগবান, আর অর্ধেক শয়তান।' অধিকন্তু ''পাপের পঙ্কে পূণ্য-পদ্ম ফুলে ফুলে হেথা পাপ।'' তিনি এতটাই আধুনিক যে বলেছেন-- মানুষ আত্মা ও দেহ নিয়ে পূর্ণসত্তা আর 'পুণ্যে দিলেন আত্মা ও প্রাণ, পাপেরে দিলেন দেহ।' দেহ বাদ দিয়ে তো মানুষ হতে পারে না। অতএব পাপ ছাড়া মানুষ চলতে পারে না। তাই 'সুন্দর বসুমতী/ চিরযৌবনা, দেবতা ইহার শিব নয়, কামরতি।' এই আধুনিক দৃষ্টিভঙ্গি বাংলাসাহিত্যে নজরুলের আমদানী এবং তাঁর হাতেই এর চূড়ান্ত রূপ লাভ। প্রকাশ প্রকরণে সহজিয়া বটে, কিন্তু বিষয়ভানায় ও জীবনদর্শনে গভীরভাবে চির-আধুনিক। আজকাল আধুনিক বুদ্ধিজীবীগণ বলেন, পাপকে ঘৃণা করো, পাপীকে নয়। কিন্তু শতবছর আগে পাপীদের পক্ষে ওকালতি করা নজরুলের কাছে ঋণ স্বীকার করতে কুণ্ঠিত তারা।

নজরুলের সৌন্দর্যচেতনা অভেদসুন্দরের মন্ত্রের ওপর প্রতিষ্ঠিত । তিনি ভেদাভেদহীন সাম্যে ও সমমর্যাদায় বিশ্বাসী ছিলেন বলে তাঁর চোখে সুন্দর ছিল অখণ্ড সমগ্র। তিনি কেবল ফুল-পাখি-চাঁদ-শিশুমুখ-কিশোরীর হাসি এসববের মধ্যেই সুন্দরকে দেখেনি, তাঁর সুন্দরের ধারণা আরও বিস্তৃত, আরও ব্যাপক। তিনি বলেছেন: "সুন্দরকে স্বীকার করতে হয় যা সুন্দর তাই দিয়ে। সুন্দরের ধ্যান, তার স্তবগান ই আমার ধর্ম। তবু বলছি আমি শুধু সুন্দরের হাতে বীণা পায়ে পদ্মফুলই দেখিনি, তার চোখে চোখ ভরা জল ও দেখেছি। শ্মশানের পথে, গোরস্থানের পথে তাকে ক্ষুধা জীর্ণ মূর্তিতে ব্যথিত পায়ে চলে যেতে দেখেছি, যুদ্ধ ভূমিতে তাকে দেখেছি, কারাগারের অন্ধকূপে তাকে দেখেছি, ফাঁসির মঞ্চে তাকে দেখেছি । " কিন্তু একথা বলেই শেষ করেননি। তিনি আরও বলেছেন, "হিন্দু-মুসলমানে দিনরাত হানাহানি, জাতিতে জাতিতে বিদ্বেষ, যুদ্ধ-বিগ্রহ । মানুষের জীবনে এক দিকে কঠোর দারিদ্র-ঋণ-অভাব; অন্যদিকে লোভী অসুরের ব্যাংকে কোটি কোটি টাকা পাষাণ স্তুপের মত জমা হয়ে আছে। এ অসাম্য ভেদজ্ঞান দূর করতেই আমি এসেছিলাম। আমার কাব্যে সংগীতে কর্মজীবনে অভেদ ও সুন্দর সাম্যকে প্রতিষ্ঠিত করেছিলাম।আমি যশ চাই না, খ্যাতি চাই না, প্রতিষ্ঠা চাই না, নেতৃত্ব চাই না। জীবন আমার যত দুঃখময়ই হোক, আনন্দের গান- বেদনার গান গেয়ে যাব আমি। দিয়ে যাব নিজেকে নিঃশেষ করে সকলের মাঝে বিলিয়ে। সকলের বাঁচার মাঝে থাকবো আমি বেঁচে। এই আমার ব্রত, এই আমার

সাধনা, এই আমার তপস্যা।” তিনি জীবন ও শিল্পকে অভিন্ন সুন্দরের মোহনায় মিলিত করেছেন। সৌন্দর্যের সেই মোহনা উদার হাওয়ায় প্রাণোচ্ছল , মহামানবিকতায় জোছনায় শুভ্রসচ্ছল। নজরুল দার্শনিক কবি বলেই তাঁর সৌন্দর্যচেতনা এমন শৈল্পিকতায় দায় মিটিয়েও মহামানিবকতার আলোয় উজ্জ্বল। নজরুলের সাহিত্য-সংগীত প্রাতিস্বিকতার রঙে সমৃদ্ধ তাঁর নিজস্ব তাজমহল -বাইরে বিদ্রোহের সাতরঙ, ভেতরে মহামিলনের অন্তরঙ্গ ছবি। বিশিষ্ট গবেষক নজরুল-জীবনীকার অধ্যাপক গোলাম মুরশিদ বলেছেন: **‘হাজার বছরের বাংলা কাব্য-ভাণ্ডার ঐশ্বর্যমিণ্ডিত হয়েছে সহস্র কবির অবদানে। কারও অবদান কম, কারও বা বেশি। অবদানের গুণগত মানও বিভিন্ন রকমের। বেশির ভাগকবির অবদান এবং বৈশিষ্ট্য ধুয়েমুছে গেছে নির্মম কালস্রোতে। তারই মধ্যে যে-নামগুলো তাদের বৈশিষ্ট্যর জন্যে আজও জ্বলজ্বল করছে, নজরুল নামটি তাদের অন্যতম। কবি হিসেবে তিন যেমন অন্য কারও সঙ্গে তুলনীয় নন, ব্যক্তি হিসেবেও তেমনি। তিনি অনন্য।’** শিল্পসাহিত্যে ইউরোপীয় আধুনিকতার অন্ধ অনুসারী আধুনিক কবিদের পথে না হেঁটে নজরুল নিজেই একটি পথ তৈরী করে নিয়েছেন। সে-পথ মহামানবিকতায় উজ্জ্বল শিল্পসাহিত্যের। প্রথম দিকে তাঁর সমসাময়িক কবি জীবনানন্দ দাশও নজরুল দ্বারা প্রভাবিত হয়েছিলেন। আরও পরে সুকান্ত ভট্টাচার্য, সুভাষ মুখোপাধ্যায়, নির্মলেন্দু গুণ, রুদ্র মুহমম্দ শহিদুল্লাহ এবং আরও অনেক কবি নজরুলের দ্বারা প্রভাবিত হয়েছেন।

জীবন-দার্শনিক কবি

বাংলা সাহিত্যে রবীন্দ্রনাথ ঠাকুর একজন দার্শনিক কবি। তাঁর জীবন দর্শন পারস্যের রুমি, হাফিজ এবং বাংলার লালনশাহের জীবনদর্শনের কাছাকাছি অথবা একাধিক জীবনদর্শনের সংশ্লেষ। আর কাজী নজরুল ইসলাম একজন পুরোপুরি দার্শনিক কবি। তাঁর দর্শনটি পুরোপুরি বৃহত্তর মানবজীবনকেন্দ্রিক। তাঁর জীবন দর্শন সাম্যবাদ ও অভিন্ন মানবজাতির ধারণা প্রবক্তা। ধর্ম, অর্থনীতি, রাজনীতি, শিল্পতত্ত্ব, নন্দনতত্ত্ব, সুন্দর, অসুন্দর,, সম্পদের মালিকানা, দারিদ্র, শাসন, প্রশাসন, শিক্ষা, পাপা, পুণ্য, ভালো , মন্দ, বিচার, অবিচার, স্বাধীনতা, পরাধীনতা, যৌবন, বার্ধ্যক্য ইত্যাদি প্রতিটি বিষয়ে তাঁর নিজস্ব দৃষ্টিভঙ্গি ও অবস্থান রয়েছে। কোনো লোভ, চাপ কিংবা বয়সের পরিবর্তন তাঁকে আপন দৃষ্টিভঙ্গি ও প্রাতিস্বিক বিশ্বাস থেকে বিচ্যুত করতে পারেনি। তাঁর দার্শনিকতার ভিত্তি ছিল ব্যক্তিমানুষের অপিরমেয় সুপ্তশক্তিতে বিশ্বাস এবং সামবাদী পৃথিবী রচনার প্রত্যয়ে। মনেপ্রাণে ও বিশ্বাসে তিনি ছিলেন বিশ্বনাগরিক। তিনি ইহলৌকিক জীবনকেই সবখানি গুরুত্বে গ্রহণ করেছিলেন এবং তাকে সর্বাঙ্গ সুন্দর করার পক্ষে সর্বশক্তি নিয়োগ করেছিলেন। তিনি বিশ্বাস করতেন যে ধর্মে ধর্মে জাতিতে জাতিতে বিরাজমান বিভেদগুলো সুবিধাবাদী মানুষের কৃত্রিম সৃষ্টি। এসকল বাধা অপসারণেই মাধ্যমেই সুখী ও শান্তিপূর্ণ মানবসমাজ ও আলোকিত পৃথিবী গঠন করা সম্ভব। পুঁজিবাদী অর্থনীতিতে তাঁর গভীর অবিশ্বাস ও অশ্রদ্ধা ছিল। গভীর অশ্রদ্ধা ও আপত্তি ছিল বর্ণবাদ, জাতপাত, উপনিবেশবাদ, সাম্রাজ্যবাদ ও রাষ্ট্রীয় আগ্রাসনে। সবচেয়ে বড় কথা তিনি ছিলেন সকল অর্থেই একজন স্বাধীন মানুষ এবং মানুষের বহুমাত্রিক স্বাধীনতায় বিশ্বাসী মানুষ ও কবি। বাঙালির একমাত্র স্বাধীন রাষ্ট্র বাংলাদেশের স্বাধীনতার স্থপতি বলেছেন, “নজরুল বাংলার বিদ্রোহী আত্মা ও বাঙালির স্বাধীন ঐতিহাসিক সত্তার রূপকার। বাংলার শেষ রাতের ঘনান্ধকারে নিশীথ নিশ্চিত নিদ্রায় বিপ্লবের রক্তনালীর মধ্যে বাংলার তরুণরা শুনেছে বিধাতার অট্টহাসি, কালভৈরবের ভয়াল গর্জন—নজরুলের জীবনে, কাব্যে, কণ্ঠে। প্রচন্ড সামুদ্রিক জলোচ্ছাসের মতো, লেলিহান অগ্নিশিখার মতো, পরাধীন জাতীর তিমির ঘন অন্ধকারে বিশ্ববিধাতা নজরুলকে এক স্বতন্ত্র ছাঁচে গড়ে পাঠিয়েছিলেন এই ধরার ধূলায়।” নজরুলের নিজের সত্তা ছিল স্বাধীন; তিনি সকল প্রকারের অন্ধত্ব, কুসংস্কার ও অধীনতার শেকল থেকে মানুষকে মুক্ত করার স্বপ্ন দেখিয়েছেন, সে স্বপ্ন দেখতে ও বাস্তবায়নে উদ্বুদ্ধ করেছেন। তিনি বাঙালি জাতিকে দিয়েছিলেন স্বাধীন সত্তার রূপরেখা এবং তা অর্জনের প্রেরণা, প্ররোচনা ও দিশা। তাই সাহিত্য-সংগীত তাই কোনো এলোমেলো সৃষ্টি নয়, কোনো লক্ষ্যহীন নন্দনচর্চা নয়। কবি হওয়া তাঁর লক্ষ্য ছিল না ; তাঁর লক্ষ্য ছিল মানুষকে বহিরাঙ্গিক ও আত্মিক মুক্তির পথ প্রদর্শন এবং সে-পথে জোরপায়ে চালিত হতে অগ্নিমন্ত্র দান।

উপসংহার

কাজী নজরুল ইসলাম বিরাজিত বিশ্বরোগের একমাত্র প্যানাসিয়া। পৃথিবীতে বহু বিখ্যাত কবি-সাহিত্যিক-দার্শনিক-রাজণতিক-ধর্মপ্রবর্তক-ধর্মগুরুর জন্মগ্রহণ করেছেন। তাদের কারুরই অবদান গুরুত্বহীন নয়। কিন্তু তারা সবাই খণ্ডিত মানবতার ও খণ্ডিত মানবিকতার নেতা। সবারই রয়েছে নিজস্ব সম্প্রদায় অথবা গোষ্ঠী। কিন্তু নজরুল সর্বমানবীয়। আমরা অতীতের প্রেক্ষাপটে থেকে যদি বর্তমান বিশ্বের দিকে তাকাই তো দেখি-- সারা পৃথিবী এখন নতুন করে এবং আরও বেশি প্রকটভাবে সাম্রাজ্যবাদী আগ্রাসন, সাম্প্রদায়িক হানাহানি, দখলদারী যুদ্ধ এবং ভেদাভেদজনিত অবিচারের কবলে পড়েছে। ভারত উপমহাদেশে, মধ্যপ্রাচ্যে-- কোথাও শান্তি নেই এতটুকু। বিশ্বে অতীতের চেয়েও বেশি বৃদ্ধি পেয়েছে পুঁজিবাদী শাসন ও শোষণ। নারী জাতিকে নতুন কৌশলে একপক্ষে কালো বোরকায় বন্দি এবং অন্যপক্ষে নগ্ন সেক্সপণ্যে পরিণত করার সুচতুর চেষ্টা চলছে। একদিকে সম্পদের পাহাড় ও আকাশছোঁয়া বিলাসিতা, অন্যদিকে কোটি কোটি মানুষের অনাহার, অর্ধাহার, অশিক্ষা, চিকিৎসাহীনতা ও আশ্রয়হীনতার সীমাহীন কষ্ট। এই প্রেক্ষাপটে যদি পৃথিবীর কোনো কবির সৃষ্টি ও জীবনকে সমস্যা সমাধানের মডেল হিসেবে বেছে নিতে হয়, সেটি হবে নজরুলের সৃষ্টি ও ব্যক্তিজীবন। বৈশ্বিক প্রেক্ষাপটে সুস্বপ্ন, স্বাধীনতা, সর্বজনীন মানবপ্রেম, ধর্মীয় সম্প্রীতি প্রতিষ্ঠা, নারী-পুরুষের মাঝে সৃষ্ট কৃত্রিম বৈষম্য দূরীকরণ, পুঁজিবাদী শোষণমূলক সমাজের স্থানে সাম্যবাদী সমাজ বিনির্মাণ এবং সকল মানুষের মধ্যে উদারনৈতিক বন্ধুত্বপূর্ণ ও উপভোগ্য সম্পর্ক প্রতিষ্ঠার কবি হিসেবে কথায় ও কাজে, সৃষ্টিতে ও সাধনায়, আদর্শের বহিঃপ্রকাশে ও ব্যক্তিজীবনে অনুশীলনে-- নজরুল এক ও অদ্বিতীয় । নজরুলের যাপিতজীবন এবং সৃষ্টি দুই মিলে এক অখণ্ড মহাজীবন যা নিবেদিত সকল শ্রেণির মানুষকে নিয়ে সম্প্রীতিতে সমৃদ্ধ ও অধিকতর উপভোগ্য একটি সাম্যবাদী পৃথিবী বিনির্মাণের স্বপ্নে ও সাধনায়।

কবি-গবেষক ও মহাপরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

স্থিরচিত্রে ২০২১-২০২২

জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের শ্রদ্ধাঞ্জলি।

জাতীয় শোক দিবসে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৫ আগস্ট শহীদদের রুহের মাগফেরাত কামনা করে আলোচনা ও দোয়া মাহফিল।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষ্যে প্রবন্ধ লেখা প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের মাঝে সনদ, ক্রেস্ট ও পুরস্কার বিতরণ।

জাতীয় আরকাইভসে সংরক্ষণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক হস্তান্তরিত নথিপত্র গ্রহণ করছেন অধিদপ্তরের পরিচালক জনাব মোঃ সুজায়েত উল্যা।

অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ে দিনব্যাপী প্রশিক্ষণ।

‘সেবাদান প্রতিশ্রুতি’ বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ।

‘শেখ রাসেল দিবস’ উপলক্ষ্যে ১৮ অক্টোবর ২০২১ তারিখে শেখ রাসেল কর্ণার উদ্বোধন।

‘শেখ রাসেল দিবস’ উপলক্ষ্যে ১৮ অক্টোবর ২০২১ তারিখে শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ।

জনপ্রশাসন মন্ত্রণালয় এবং আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের যৌথ আয়োজনে গত ২২ নভেম্বর, ২০২১ তারিখ নথিপত্র সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবস্থাপনা কার্যক্রম বিষয়ক কর্মশালা উদ্বোধন করেন অধিদপ্তরের মহাপরিচালক জনাব ফরিদ আহমদ ভূঁইয়া।

জনপ্রশাসন মন্ত্রণালয় এবং আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের যৌথ আয়োজনে গত ২২ নভেম্বর, ২০২১ তারিখ নথিপত্র সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবস্থাপনা কার্যক্রম বিষয়ক কর্মশালায় বক্তব্য রাখছেন অধিদপ্তরের পরিচালক জনাব মোঃ সুজায়েত উল্যা।

জনপ্রশাসন মন্ত্রণালয় এবং আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের যৌথ আয়োজনে গত ২৪ নভেম্বর, ২০২১ তারিখ নথিপত্র সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবস্থাপনা কার্যক্রম বিষয়ক কর্মশালা (২য় পর্যায়) উদ্বোধন করেন অধিদপ্তরের মহাপরিচালক জনাব ফরিদ আহমদ ভূঁইয়া।

জনপ্রশাসন মন্ত্রণালয় এবং আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের যৌথ আয়োজনে গত ২৪ নভেম্বর, ২০২১ তারিখ নথিপত্র সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবস্থাপনা কার্যক্রম বিষয়ক কর্মশালা (২য় পর্যায়) ।

১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবসে মিরপুর বুদ্ধিজীবী স্মৃতিসৌধে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের শ্রদ্ধাঞ্জলি।

১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবসে রায়ের বাজার বধ্যভূমিতে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের শ্রদ্ধাঞ্জলি।

১৩ই ফেব্রুয়ারি, ২০২২ তারিখ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক এক প্রশিক্ষণ।

১৩ই ফেব্রুয়ারি, ২০২২ তারিখ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক এক প্রশিক্ষণ।

মহান বিজয় দিবস ২০২১ উপলক্ষ্যে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর আয়োজিত বিশেষ প্রদর্শনীর উদ্বোধন করছেন মহাপরিচালক।

মহান বিজয় দিবস ২০২১ উপলক্ষ্যে সাভার জাতীয় স্মৃতিসৌধে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের শ্রদ্ধাঞ্জলি।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পরিচালিত শপথ অনুষ্ঠানে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের অংশগ্রহণ।

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর আয়োজিত পেশাগত প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ, এমপি.

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর আয়োজিত পেশাগত প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে সনদ বিতরণ করেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ আবুল মনসুর।

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও শহিদ দিবস-২০২২ আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের আয়োজনে সেমিনার ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে প্রদর্শনী উদ্বোধন।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে শিশু-কিশোরদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ।

২৫ শে মার্চ গণহত্যা দিবসে নিহতদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া।

বাংলা নববর্ষ ১৪২৯ উদযাপন উপলক্ষ্যে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর আয়োজিত বিশেষ পুস্তক ও প্রকাশনী প্রদর্শনীর উদ্বোধন।

শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সরকারি কর্মচারীদের ভূমিকা সংক্রান্ত দিনব্যাপী প্রশিক্ষণ।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন কমিটির সভাপতি কর্তৃক জন্মশত বার্ষিকী সংক্রান্ত বিভিন্ন নথিপত্র জাতীয় আরকাইভসে হস্তান্তর।

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে মতবিনিময় সভা। তারিখ: ১৮ মে ২০২২ ।

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক অংশীজনের অংশগ্রহণে মতবিনিময় সভা। তারিখ: ১৮ মে ২০২২ ।

অধিদপ্তরের মহাপরিচালকের নেতৃত্বে প্রতিনিধি দল কর্তৃক বাংলাদেশ ফিল্ম আরকাইভ পরিদর্শন ও মতবিনিময়।

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ। তারিখ: ১৯ মে ২০২২

ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ক দিনব্যাপী কর্মশালা।

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৩তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের শ্রদ্ধাঞ্জলি।

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৩তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে 'জাতীয় কবির জীবন ও দর্শন ও লেখনী' শীর্ষক সেমিনার। তারিখ: ২৫ মে ২০২২

আন্তর্জাতিক আরকাইভস দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে ০৯ জুন ২০২২ জাতীয় আরকাইভস ভবনে বেলুন উড়িয়ে দিবসটি উদ্বোধন।

আন্তর্জাতিক আরকাইভস দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে গত ০৯ জুন ২০২২ জাতীয় আরকাইভস ভবনে প্রদর্শণীর উদ্বোধন।

আন্তর্জাতিক আরকাইভস দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে সেমিনার এর আয়োজন করা হয়।

এ্যাডভান্সড আরকাইভাল রেকর্ড ম্যানেজমেন্ট ও আধুনিক গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ক বেসিক কোর্স (১১তম ব্যাচ)-শীর্ষক প্রশিক্ষণের উদ্বোধন করেন আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক জনাব ফরিদ আহমদ ভূঁইয়া।

এ্যাডভান্সড আরকাইভাল রেকর্ড ম্যানেজমেন্ট ও আধুনিক গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ক বেসিক কোর্স (১১তম ব্যাচ)-শীর্ষক প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ, এমপি।

পরিশিষ্ট-

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর

বার্ষিক এপিএ এর অর্জন প্রতিবেদন

২০২১-২২

ক্রমিক নম্বর	কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে	বার্ষিক অর্জন	খসড়া স্কোর	ওয়েটেড স্কোর	সংশোধিত স্কোর
							১০০%	৯০%	৮০%	৭০%	৬০%				
১	বুদ্ধিবৃত্তিক প্রকাশনা ও সংগৃহীত নথিপত্রের সমন্বয়ে জাতীয় তথ্যভান্ডার সমৃদ্ধকরণ	২৫	[১.১] নতুন ও মৌলিক প্রকাশনা সংগ্রহকরণ	[১.১.১] সংগৃহীত প্রকাশনা	সংখ্যা	৫	৫৫০০	৫৪০০	৫৩০০	৫২০০	৫১০০	৬১১৮	১০০	৫	
			[১.২] গবেষক ও পাঠক সেবা	[১.২.১] গবেষক ও পাঠক আগমন	জন	৮	১০৭৫০	১০০০০	৯৫০০	৯০০০	৮৫০০	১৫৫১৫	১০০	৮	
			[১.৩] ISBN নম্বর প্রদান	[১.৩.১] ইস্যুকৃত ISBN	সংখ্যা	৬	৬০০০	৫৯০০	৫৮০০	৫৭০০	৫৬০০	৯৬২২	১০০	৬	
			[১.৪] আরকাইভাল নথিপত্র সংগ্রহ	[১.৪.১] সংগৃহীত নথিপত্র	সংখ্যা	৬	৯৫০	৯০০	৮৫০	৮০০	৭৫০	১৪০৮	১০০	৬	

ক্রমিক নম্বর	কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে	বার্ষিক অর্জন	খসড়া স্কোর	ওয়েটেড স্কোর	সংশোধিত স্কোর
							১০০%	৯০%	৮০%	৭০%	৬০%				
২	সংগৃহীত প্রকাশনা ও আরকাইভাল নথিপত্র প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ	২৫	[২.১] তথ্যসামগ্রী অ্যাকসেশন/ শ্রেণিকরণ/ ডাটাএন্ট্রির মাধ্যমে ডিজিটাল ক্যাটালগ তৈরি/ জাতীয় গ্রন্থপঞ্জির জন্য পাণ্ডুলিপি প্রণয়ন ও প্রকাশ	[২.১.১] বই অ্যাকসেশন	সংখ্যা	৫	৬০০০	৫৯০০	৫৮০০	৫৭০০	৫৬০০	৪৫১৫৯	১০০	৫	
				[২.১.২] বইয়ের শ্রেণিকরণ নম্বর প্রদান	সংখ্যা	৫	৭৫০০	৭৪০০	৭৩০০	৭২০০	৭১০০	১৬১৬৫	১০০	৫	
				[২.১.৩] বই ও পত্রিকার ডিজিটাল ক্যাটালগ তৈরি	সংখ্যা	৫	৭৫০০	৭৪০০	৭৩০০	৭২০০	৭১০০	১৫৬৬৪	১০০	৫	
				[২.১.৪] জাতীয় গ্রন্থপঞ্জির পাণ্ডুলিপি প্রণয়ন	তারিখ	২	৩০-০১-২০২২	২৮-০২-২০২২	৩০-০৩-২০২২	৩০-০৪-২০২২	৩০-০৫-২০২২	২৬-০১-২০২২	১০০	২	
				[২.১.৫] জাতীয় গ্রন্থপঞ্জি প্রকাশ	তারিখ	১	১৬-০৬-২০২২	১৮-০৬-২০২২	১৯-০৬-২০২২	২২-০৬-২০২২	২৬-০৬-২০২২	১৬-০৬-২০২২	১০০	১	
			[২.২] নথিপত্র প্রক্রিয়াকরণ, বই, পত্রপত্রিকা ও নথিপত্র মেরামত ও বাঁধাইকরণ	[২.২.১] নথিপত্র প্রক্রিয়াকরণ	সংখ্যা	৫	৫৫০০	৫৪০০	৫৩০০	৫২০০	৫১০০	৪০২৫৭	১০০	৫	
				[২.২.২] বই, পত্রপত্রিকা ও নথিপত্র মেরামত ও বাঁধাই	ভলিয়ুম	২	১০০০	৯৫০	৯০০	৮৫০	৮০০	১০৩৬	১০০	২	

ক্রমিক নম্বর	কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে	বার্ষিক অর্জন	খসড়া স্কোর	ওয়েটেড স্কোর	সংশোধিত স্কোর
							১০০%	৯০%	৮০%	৭০%	৬০%				
৩	সংরক্ষিত প্রকাশনা ও নথিপত্রের ডিজিটাইজেশন ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ	২০	[৩.১] তথ্যসামগ্রীর ডিজিটাইজেশন (স্ক্যানিং) এবং আরকাইভস দিবস উদযাপন	[৩.১.১] বই, পত্রপত্রিকা ও নথিপত্র ডিজিটাইজকরণ	সংখ্যা	৪	২৫০০০০	২৪৯০০০	২৪৮০০০	২৪৭০০০	২৪৬০০০	২৬৮৪৯৪	১০০	৪	
